গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 13, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১৩ জুলাই।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 14, dated the 10th March 1880.

As some misapprehension is found to exist on the subject, the Court think it necessary to point out that notices under Section 248, Code of Civil Procedure, issued to persons against whom execution is applied for, must be taken to be chargeable under Article 7, Rule 1, Parts 2, 3, and 4 of the Rules under Clause 1, Section 20 of the Court Fees Act, and not as chargeable under Article 1 of the same.

2. Applications made to a Court under Section 332 of the Code of Civil Procedure by persons dispossessed of property in the execution of decrees, or under Section 335, by such persons, or by sale purchasers, must, under the provisions of Article 1*a*, Schedule II of the Court Fees Act, be stamped, not according to the value of the attached property, but according to the value in dispute in the suit in which the execution proceedings have been held, that is, one anna only will be chargeable in cases where such value does not amount to Rs. 50.

No. 15, dated the 20th March 1880.

It having been brought to the notice of the Judges that casual leave, meaning, as it does, "occasional absence from illness and other necessary causes," ought not to be formally granted, as no such power is now vested in District Judges, the Court are pleased to cancel Circular Memo. No. 10, dated 29th July 1875.

CRIMINAL.

No. 2, dated the 10th March 1880.

In continuation of Circular Order No. 1, dated 4th March 1878, the officers presiding in the Criminal Courts in the Lower Provinces of Bengal are informed, at the request of the Government, that the arrangements in the Alipore Reformatory School are at present unsuitable for European or Eurasian boys of Christian parentage, and that only native boys should be sent to the Reformatory.

No. 3, dated the 24th March 1880.

The High Court of Judicature is pleased to prescribe the annexed forms for recording confessions and examinations of accused persons, and to direct that such confessions and examinations be invariably recorded in the printed and prepared forms which will be supplied for the purpose by the Superintendent of Stationery.

2. The Court finds it necessary, at the same time, to call attention to the frequent failure of justice arising from the neglect of Magistrates to observe the indispensable forms in recording and attesting confessions, and to remind these officers how much often depends on their accurate observance of these forms. In some cases the neglect may be remedied at the cost of serious public inconvenience and loss of time; in others, it is irreparable, and may result in the escape of a guilty person. On the other hand, it is equally desirable that Magistrates should act with deliberation in examining persons brought before them for the purpose of making confessions, and should, as far as possible, satisfy themselves, that the confession is voluntary—and this not merely from the declaration of the accused but from an attentive observation of his demeanour.

3. The Code of Criminal Procedure being the basis of every Magistrate's exercise of functions, and its provisions having now been in force for many years, such omissions are inexcusable, and it will be matter for the Court's consideration, when such cases come before it, whether the conduct of the officer who is to blame shall not be brought conspicuously to the notice of the local Government.

[*Government Gazette*, 13*th July* 1880.]

বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী।

১৪ নম্বর। ১৮৮০ সাল ১০ মার্চ।

এ বিষয়ে কিছু ভ্রান্তি আছে দৃষ্ট হওয়াতে, হাই কোর্ট ইহা উল্লেখ করা আবশ্যক বোধ করিতেছেন যে, যে ব্যক্তির বিরুদ্ধে ডিক্রীজারীর প্রার্থনা হয়, সেই ব্যক্তির নামে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৪৮ ধারামতে যে নোটিস দেওয়া যায়, তাহার ফী আদালতের রসুম বিষয়ক আইনের ২০ ধারার ১ প্রকরণমতে প্রণীত বিধির ২, ৩ ও ৪ খণ্ডের ১ ধারার ৭ প্রকরণমতে ধরিতে হইবে, ১ প্রকরণ মতে নহে।

২। ডিক্রীজারী ক্রমে যে ব্যক্তিরা কোন সম্পত্তি হইতে বেদখল হন তাঁহারা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩৩২ ধারামতে, অথবা তাঁহারা বা নীলাম খরিদারেরা ৩৩৫ ধারামতে, কোন আদালতে যে দরখাস্ত দেন, তাহাতে আদালতের রসুম বিষয়ক আইনের ২ তফসীলের ১ প্রকরণের (ক) দফার বিধানমতে ক্রোককৃত সম্পত্তির মূল্যানুসারে ইষ্টাম্প দিতে হইবে না, যে মোকদ্দমায় ডিক্রীজারীর কার্য্যানুষ্ঠান হয় সেই মোকদ্দমার বিবাদীয় মূল্যানুসারে ইষ্টাম্প দিতে হইবে, অর্থাৎ উক্ত মূল্য ৫০৲ টাকা পর্য্যন্ত না হইলে /০এক আনামাত্র রসুম লাগিবে।

---

১৫ নম্বর। ১৮৮০ সাল ২০ মার্চ।

হাই কোর্টের জজদিগকে এই কথা জানান হইয়াছে যে ক্যাচিৎ ছুটীর অর্থ "পীড়া ও অন্য বলবৎ কারণে কচিৎ অনুপস্থিতি"। সুতরাং এই ছুটী নির্দ্দিষ্ট রীতিমতে দিতে হইবে না। জিলার জজ সাহেবদের এক্ষণে এইরূপ ছুটী দিবার ক্ষমতাও নাই। এনিমিত্ত হাই কোর্ট ১৮৭৫ সালের ২০ জুলাই তারিখের ১০নং স্মরণার্থ সরকুলর রহিত করিলেন।

ফৌজদারী।

২ নম্বর। ১৮৮০ সাল ১০ মার্চ।

১৮৭৮ সালের ৪ মার্চের ১ নম্বর সরকুলরের অনুক্রমে, গবর্ণমেণ্টের আদেশ অনুসারে, নিম্নবঙ্গ প্রদেশের ফৌজদারী আদালতের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষদিগকে জানান যাইতেছে যে, আলিপুরের চরিত্রসংশোধন বিদ্যালয়ে এক্ষণে যে বন্দোবস্ত আছে তাহা খ্রীষ্টান জনকজননী জাত ইউরোপীয় বা ইউরেশীয় বালকদের উপযোগী নহে, এবং উক্ত বিদ্যালয়ে কেবল এতদ্দেশীয় বালকদিগকেই পাঠাইতে হইবে।

---

৩ নম্বর। ১৮৮০ সাল ২৪ মার্চ।

হাই কোর্ট অভিযুক্ত ব্যক্তিদের অপরাধস্বীকার ও পরীক্ষা লিপিবদ্ধ করিবার এতৎসংযুক্ত পাঠ নির্দ্দিষ্ট করিয়া এই আজ্ঞা দিতেছেন যে, ষ্টেশনরী সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব এই কার্য্য নিমিত্ত যে ছাপা পাঠ প্রস্তুত করিয়া পাঠাইয়া দেন সেই পাঠে নিয়ত উক্ত অপরাধস্বীকার ও পরীক্ষা লিপিবদ্ধ করিতে হইবে।

২। অপরাধস্বীকার বাক্য লিপিবদ্ধ ও স্বাক্ষরযুক্ত করিতে হইলে যে২ নিয়ম পালন করা আবশ্যক, মাজিষ্ট্রেটেরা সেই২ নিয়ম পালন করিতে উপেক্ষা করাতে অনেক সময়ে সুবিচারের ব্যাঘাত হয়, কোর্ট এবিষয়েও মনোযোগ আকর্ষণ করিয়া উক্ত কার্য্যকারকদের ঠিক২ এই সকল নিয়ম পালনের উপর কতটা নির্ভর তাঁহাদিগকে এই কথা স্মরণ করাইয়া দেওয়া আবশ্যক জ্ঞান করিতেছেন। কোন২ পক্ষ সাধারণের গুরুতর অসুবিধা ও সময়ক্ষয় করিয়া উপেক্ষার প্রতিবিধান হইতে পারে; স্থলান্তরে প্রতিবিধান অসাধ্য, এবং ঐ উপেক্ষা নিবন্ধন অপরাধী ব্যক্তি মুক্তি লাভ করিতে পারে। অন্য দিকে আবার ইহাও বাঞ্ছনীয় যে, অপরাধ স্বীকার করণার্থে যে সকল ব্যক্তি মাজিষ্ট্রেটদের সম্মুখে আনীত হয় তাঁহারা সেইসকল ব্যক্তির পরীক্ষা কালে বিবেচনা সহকারে কার্য্য করিবেন এবং অপরাধ স্বীকার যে স্বেচ্ছাকৃত ইহা যথাসম্ভব বুঝিয়া লইবেন। কেবল অভিযুক্ত ব্যক্তির উক্তি হইতে নহে, মনোযোগ পূর্ব্বক তাহার আচরণ সন্দর্শন করিয়াও ইহা বুঝিয়া লইতে হইবে।

৩। ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন প্রত্যেক মাজিষ্ট্রেটের কর্ম্ম সম্পাদনের পত্তনভূমি, এবং ইহার বিধানগুলি অনেক বৎসর ধরিয়া প্রচলিত রহিয়াছে। সুতরাং উক্তপ্রকার ত্রুটি অক্ষমনীয়; এবং উক্ত প্রকার কোনস্থল উপস্থিত হইলে কোর্টের বিবেচনা করিতে হইবে যে দোষী কার্য্যকারকের আচরণ বিশেষ করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের জ্ঞানগোচর করা যাইবে কি না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৩ জুলাই।]

4. **Magistrates are desired to keep by them, for convenience sake, in every place where they are likely to be called upon to perform the duty of examining accused persons, copies of the forms now prescribed.**

STATEMENT OF ACCUSED PERSON.

[*Section* 122 *of the Code of Criminal Procedure.*]

The statement of , aged about years, made before me , Magistrate of the class, at , on the day of 188 :—

My name is .
My father's name is .
I am by caste , and by occupation .
My home is at Mouzah , Thannah ,
District . I reside at

(Signature or mark of the accused.)

The above statement was made in my presence and hearing, and contains accurately the whole of the statement made by the accused person. I believe that this confession was voluntarily made.

(Signature of the Magistrate.)

EXAMINATION OF ACCUSED PERSON.

[*Section* 346 *of the Code of Criminal Procedure.*]

The examination of , aged about years, taken before me , Magistrate of the class, at , on the day of 188 :—

My name is .
My father's name is .
I am by caste , and by occupation .
My home is at Mouzah , Thannah ,
District . I reside at

(Signature or mark of the accused.)

The above examination was taken in my presence and hearing, and contains accurately the whole of the statement made by the accused.

(Signature of the Magistrate.)

[*Government Gazette*, 13*th July* 1880.]

৪। ম্যাজিষ্ট্রেটদিগকে আদেশ দেওয়া যাইতেছে যে অভিযুক্ত ব্যক্তিদিগকে পরীক্ষা করিবার কার্য্য যে প্রত্যেক স্থানে তাঁহাদের করিতে হইবার সম্ভাবনা, সেই স্থানেই সুবিধা নিমিত্ত আপনার নিকটে একনকার নির্দ্দিষ্ট পাঠ রাখেন।

অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩৪৬ ধারা।]

১৮৮ সালের মাসের তারিখে স্থানে শ্রেণীর ম্যাজিষ্ট্রেট আমি শ্রী উপস্থিত থাকায় আমার সম্মুখে বৎসর বয়স্ক শ্রী র পরীক্ষা।

আমার নাম

আমার পিতার নাম

আমি জাতিতে , এবং আমার ব্যবসায়

আমার বাটী জিলার অন্তর্গত থানার সামিল মৌজায়। আমি থাকি।

[অভিযুক্ত ব্যক্তির স্বাক্ষর বা চেরা সহী।]

উপরিলিখিত পরীক্ষা আমার সম্মুখে ও শ্রুতিগোচরে গৃহীত হয়, এবং অভিযুক্ত ব্যক্তি যে উক্তি করেন তৎসমস্ত ঠিক২ ইহাতে আছে।

(ম্যাজিষ্ট্রেটের স্বাক্ষর)

অভিযুক্ত ব্যক্তির উক্তি।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ১২২ ধারা।]

১৮৮ সালের মাসের তারিখে স্থানে শ্রেণীর ম্যাজিষ্ট্রেট আমি শ্রী উপস্থিত থাকায় আমার সম্মুখে বৎসর বয়স্ক শ্রী র উক্তি।

আমার নাম

আমার পিতার নাম

আমি জাতিতে , এবং আমার ব্যবসায়

আমার বাটী জিলার অন্তর্গত থানার সামিল মৌজায়। আমি থাকি।

(অভিযুক্ত ব্যক্তির স্বাক্ষর বা চেরা সহী)

উপরিলিখিত উক্তি আমার সম্মুখে ও শ্রুতিগোচরে কৃত, এবং অভিযুক্ত ব্যক্তি যে উক্তি করেন তৎসমস্ত ঠিক২ ইহাতে আছে। আমার বিশ্বাস এই যে এই অপরাধস্বীকার স্বেচ্ছাকৃত।

(ম্যাজিষ্ট্রেটের স্বাক্ষর)

Raj Krishna Mukhopadhya, M. A. and B. L., *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৩ জুলাই।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 20, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২০ জুলাই।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

APRIL 1880.

C. T. BUCKLAND, ESQ.

No. 1.

A DIVERSITY of practice exists in calculating the 2½ per cent. referred to in clause 50, section XVII of the Excise Rules. In some districts the quantity of refuse ganja is added to the deficiency caused by dryage and wastage; in others the refuse ganja is not so added. The correct method, however, is to exclude the refuse ganja and to calculate the 2½ per cent. entirely on the deficiency caused by dryage and wastage. This practice should be universally observed.

No. 2.

UNDER the powers vested in the Board by section 15, Act VII (B.C. of 1878, it is hereby notified that the limit to the retail sale of country spirits in out-stills is six quart bottles, as prescribed in Board's Circular Order No. 6 of April 1878.

C. T. BUCKLAND, ESQ.,

and

HON'BLE H. L. DAMPIER.

No. 3.

THE Board have decided that the following registers should be expunged from the existing list of registers to be kept up at sub-divisions, viz :—

No. 38 (63)—Prisoners,
,, 48 (74 —Casual leave,

and that the undermentioned registers should be added to the list :—

No. 2A –Partitions of estates under Act VIII (B.C.) of 1876.
,, 46 (72)—Sick leave.
,, 47 (73)—Private affairs leave.
,, 52 (79A)—Currency notes received and paid at the treasury.
,, 58 (88)—Apprentices.
,, 61 (91)—Certificates of demand to be kept under section 25, Act VII (B.C.) of 1868.

2. The following revised list is accordingly substituted for the list given in lines 3 to 5 of clause 4, section I, Chapter XII, page 270, Board's Rules, new edition :—

Registers 1, 2, 2A, 5 to 8, 23, 25 to 31, 41, 43 to 47, 49 to 52, 54, 58, 60, 61, 64, and 65 (old numbers 1, 2, 25 to 28, 47, 49 to 55, 66, 69 to 73, 75 to 79A, 81 and 82, 88, 90, 91, 19 and 20).

3. The following addition should be made at the end of line 8 of the clause :—

Register 2 is only to be kept up for cases pending under the old Partition Act, while register 2A is intended for cases under the new Act VIII (B.C.) of 1876.

4. At the end of the clause add—

Register 23 (47) should be kept up in those sub-divisions only where rent suits are still tried in the Revenue Courts.

[*Government Gazette*, 20*th July* 1880.]

রাজস্ব বিষয়ক সরকুলার।

১৮৮০ সাল আপ্রিল মাস।

শ্রীযুক্ত সি, টি, বকলাণ্ড সাহেব।

---

১ নম্বর।

আবকারী বিধির ১৭ পরিচ্ছেদের ৫০ ধারায় যে শতকরা ২½ অংশের উল্লেখ আছে তাহার হিসাব ধরিবার সম্বন্ধে ভিন্ন২ রীতি প্রচলিত আছে। শুকতি ও ক্ষতি জন্য যে কমতি হয় গাঁজার উচ্ছিষ্ট ভাগ কোন২ জিলায় তৎসঙ্গে যোগ করা হয়; কোন২ জিলায় তৎসঙ্গে যোগ করা হয় না। বস্তুতঃ গাঁজার উচ্ছিষ্ট ভাগ বাদ দিয়া কেবল শুকতি ও ক্ষতি জনিত কমতির উপর শতকরা ২½ অংশ ধরাই বিশুদ্ধ প্রণালী। এই রীতি সর্ব্বত্র অবলম্বন করিতে হইবে।

---

২ নম্বর।

১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১৫ ধারামতে বোর্ডের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে জানান যাইতেছে যে, ১৮৭৮ সালের আপ্রিল মাসের ৬ নম্বর বোর্ডের সরকুলারের নির্দ্দেশমতে ধাতির ভাটিতে ছয় কোয়ার্ট বোতল পর্য্যন্ত দেশীয় মদিরার খুচরা বিক্রয় হইতে পারে।

শ্রীযুক্ত সি, টি বকলাণ্ড সাহেব,
ও
মাননীয় শ্রীযুক্ত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

---

৩ নম্বর।

বোর্ড স্থির করিয়াছেন যে মহকুমায় যে সকল রেজিষ্টরী বহী রাখিতে হয়, তদ্বিষয়ক বর্ত্তমান ফর্দ্দ হইতে নিম্নলিখিত রেজিষ্টর গুলি উঠাইয়া দিতে হইবে, যথা,

কয়েদিদের সম্বন্ধীয় ৩৮ (৬৩) নং।

কচিৎ ছুটী সম্বন্ধীয় ৪৮ (৭৪) নং।

আর নিম্নলিখিত রেজিষ্টর গুলি ঐ ফর্দ্দে যোগ করিতে হইবে।—

১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইনমত মহাল বণ্টন বিষয়ক ২ A নং।

পীড়িত ব্যক্তিদের ছুটী বিষয়ক ৪৬ (৭২) নং।

আপন প্রয়োজনের জন্য ছুটী বিষয়ক ৪৭ (৭৩) নং।

খাজানাখানায় চলিত নোট গ্রহণ করিয়া টাকা দিবার সম্বন্ধীয় ৫২ (৭৯ A) নং।

শিক্ষানবিশদের সম্বন্ধীয় ৫৮ (৮৮) নং।

১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের ২৫ ধারামতে প্রাপ্য টাকার যে সার্টিফিকেট রাখিতে হয় তদ্বিষয়ক ৬১ (৯১) নং।

২। এনিমিত্ত বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ২৭০ পৃষ্ঠায় ১২ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ৪ ধারার ৩ অবধি ৫ পংক্তিতে যে ফর্দ্দ দেওয়া গিয়াছে, তৎপরিবর্ত্তে নিম্নলিখিত সংশোধিত ফর্দ্দ দেওয়া গেল।—

১, ২, ২ A, ৫ অবধি ৮ পর্য্যন্ত, ২৩, ২৫ অবধি ৩১ পর্য্যন্ত, ৪১, ৪৩ অবধি ৪৭ পর্য্যন্ত, ৪৯ অবধি ৫২ পর্য্যন্ত, ৫৪, ৫৮, ৬০, ৬১, ৬৪, ও ৬৫ নং রেজিষ্টর। (পুরাতন নম্বর ১, ২, ২৫ অবধি ২৮ পর্য্যন্ত, ৪৭, ৪৯ অবধি ৫৫ পর্য্যন্ত, ৬৬, ৬৯ অবধি ৭৩ পর্য্যন্ত, ৭৫ অবধি ৭৯ A পর্য্যন্ত, ৮১ ও ৮২, ৮৮, ৯০, ৯১, ১৯ ও ২০)।

৩। উক্ত ধারার ৮ পংক্তির শেষে নিম্নলিখিত কথা গুলি যোগ করিতে হইবে।—

পুরাতন বাটওয়ারার আইনমতে যে সকল মোকদ্দমা চলিতে থাকে, কেবল তৎসম্বন্ধে ২ নং রেজিষ্টর রাখিতে হইবে; আর যে সকল মোকদ্দমা নূতন আইনমতে অর্থাৎ ১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইনমতে হয়, তজ্জন্য ২ A নম্বর রেজিষ্টর কল্পিত হইয়াছে।

৪। উক্ত ধারার শেষে এই২ কথা যোগ করিতে হইবে,

যে২ মহকুমায় অদ্যাপি খাজানার মোকদ্দমার বিচার রাজস্বসংক্রান্ত আদালতে হয়, কেবল সেই২ মহকুমায় ২৩ (৪৭) নং রেজিষ্টর রাখিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২০ জুলাই।]

HON'BLE H. L. DAMPIER.

No. 4.

MAPS sent up to tho Board as annexures to letters are frequently separated from the letters which they are intended to illustrate; sometimes three or four maps are received in the same proceedings with different letters. In such cases confusion often arises from the difficulty of connecting any particular map with the letter to which it was an annexure. Revenue officers are therefore requested whenever they send a map out of their offices to have distinctly marked on the face of the map itself—

1. The purpose for which it was prepared.
2. The number and date of the letter to which it is an annexure.

C. T. BUCKLAND, ESQ.

No. 5.

THE word "Inspectors" should be substituted for the word "Sub-Inspectors" in rule 9 at page 21 of the revised Salt Manual.

[*Government Gazette*, 20*th July* 1880.]

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

---

৪ নম্বর।

যে পত্র বিশদ করিয়া বুঝাইবার নিমিত্ত পত্রের সঙ্গে বোর্ডে মানচিত্র পাঠান যায়, অনেক সময়ে মানচিত্র সেই পত্র হইতে বিচ্ছিন্ন হইয়া থাকে; কখন২ একই নথীতে ভিন্ন২ পত্রের সহিত তিন চারি খান মানচিত্র পাওয়া যায়। মানচিত্রবিশেষ যে পত্রের সঙ্গে প্রেরিত হইয়াছিল, তাহা নির্ণয় করা কঠিন হওয়াতে এরূপ স্থলে অনেক সময়ে গোলযোগ উপস্থিত হয়। রাজস্বসংক্রান্ত কার্য্যকারকদের প্রতি এজন্য আদেশ করা যাইতেছে যে তাঁহারা যখন আপনাদের আফিস হইতে মানচিত্র পাঠান, তখন তাহার উপর স্পষ্ট করিয়া এই২ কথা লিখেন—

(১) উহা যে জন্য প্রস্তুত করা হয়।
(২) উহা যে পত্রের সঙ্গে দেওয়া যায় তাহার নম্বর ও তারিখ।

শ্রীযুত সি, টি, বকল্যাণ্ড সাহেব।

---

৫ নম্বর।

লবণ বিষয়ক সংশোধিত পুস্তকের ২১ পৃষ্ঠার ৯ ধারায় "নব-ইনস্পেক্টর" শব্দের পরিবর্ত্তে "ইনস্পেক্টর" শব্দ দিতে হইবে।

RAJ KRISHNA MUKHOPADHYA, M. A AND B. L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 27, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২৭ জুলাই।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 17, dated the 19th April 1880.

By desire of His Honor the Lieutenant-Governor, the accompanying copy of Government Circular No. 20 of the 6th April 1880, is forwarded for the information of all District Judges.

Circular No. 20, dated Calcutta, the 6th April 1880.

From—H. M. KISCH, ESQ., Under-Secretary to the Government of Bengal, Judicial, Political, and Appointment Departments,

To—All Collectors and Deputy Commissioners.

I AM directed to request that, as soon as possible after the death of any European leaving assets within your jurisdiction, you will report the fact to the District Judge, stating the amount and nature of the assets so far as they may be known to you.

H. M. KISCH,
Under-Secy. to the Govt. of Bengal.

No. 18, dated the 26th April 1880.

At the desire of the Government of Bengal, the attention of all District Judges is invited to the necessity for their insisting on a compliance by the Courts subordinate to them with the rules * on the subject of the transmission of the records of decided cases from their Courts to the Judges' record-rooms.

* Circular Order No. 16, dated 30th July 1873.
Circular order No. 76, dated 17th January 1846.

2. The neglect of these rules results in an increase of charge to Government for the conveyance of records, and, in the case of appeal, necessitates the sending for records singly, at great expense in postage.

3. Where single files are called for, either by the lower Courts from the Judge's record-room, or by the Judge from the lower Courts, the party at whose instance the call is made should be required to pay the postal charges, as prescribed in circular order No. 10, dated 28th March 1872, which has never been repealed, though it has been omitted from the collected circulars.

No. 19, dated the 28th April 1880.

By Resolution (Financial) No. 1763, dated 24th July 1873, the Government of India directed that the record-keeper of every Court should, when a case was decided, and the record made over to his custody, punch a second hole in each court fee label, distinct from the first, and note his doing so at the same time. Owing to the insufficiency of the establishment attached to the record-rooms in some districts, for the work thus imposed upon it, strict effect has not been given to this order. The Government having, however, now sanctioned a sufficient staff of officers for employment in all district record-rooms, the Court direct that District Judges do require this order to be strictly carried out in future.

2. The Circular order issued by the Board of Revenue, Lower Provinces, in October 1878, a copy of which is annexed below, is circulated for the information and guidance of all judicial officers. Attention is called to the necessity for seeing that all stamps are punched and registered before they are received or acted on. As petitions have to be taken in open Court, some person should be in attendance there to punch and register the stamps in presence of the Judge immediately before the petitions are handed to him. At the time of punching the stamps, this officer should write his name and the date across them.

Circular Order issued by the Board of Revenue, Lower Provinces, No. 5 of October 1878.

It having been brought to the notice of the Board that the provisions of Section 30 of the Court Fees Act VII of 1870, regarding the cancellation of stamps, and the rules prescribed by Government on the same subject, are not in all cases strictly observed, the Board believe that it will be useful to recapitulate and publish collectively the several rules and orders which have from time to time been issued for the guidance of all officers concerned.

[*Government Gazette, 27th July* 1880.]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরক্যুলর অর্ডর।

দেওয়ানী।

১৭ নম্বর। ১৮৮০ সাল ১৯ আপ্রিল।

মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ইচ্ছাক্রমে ১৮৮০ সালের ৬ আপ্রিল তারিখের ২০ নং গবর্ণমেণ্টের সরকুলরের এতৎসংযুক্ত প্রতিলিপি সমুদয় জিলার জজ সাহেবদের অবগতির নিমিত্ত প্রেরিত হইল।

২০ নং সরকুলর।

কালেক্টর ও ডেপুটী কমিশ্যনর সকলের প্রতি বিচার, রাজনীতি ও নিয়োগ বিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী শ্রীযুত এচ, এম, কিশ সাহেবের পত্র।

কলিকাতা। ১৮৮০ সাল ৬ আপ্রিল।

বিচার কার্য্য সম্পর্কীয়।

আমি আদেশ প্রাপ্ত হইয়া অনুরোধ করিতেছি যে তোমার এলাকার মধ্যে সম্পত্তি রাখিয়া কোন ইউরোপীয়ের মৃত্যু হইলে, যত শীঘ্র পার জিলার জজ সাহেবের নিকট তাহার রিপোর্ট পাঠাইবে। তুমি যতদূর জান, ঐ সম্পত্তি কত ও কিপ্রকারের, উক্ত রিপোর্টে তাহা লিখিবে।

এচ, এম, কিশ
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

---

১৮ নম্বর। ১৮৮০ সাল ২৬ আপ্রিল।

যে সকল মোকদ্দমার নিষ্পত্তি হইয়া গিয়াছে তাহার নথী জিলার জজ সাহেবদের অধীন আদালত হইতে জজ সাহেবের মোহাফেজখানায় পাঠাইবার সম্বন্ধে যে বিধি* আছে, উক্ত আদালত কর্ত্তৃক তাহার পালন হয়, এতদ্বিষয়ে যত্ন করিবার প্রয়োজন সম্বন্ধে, বঙ্গদেশের গবর্ণমেণ্টের ইচ্ছাক্রমে, সমুদয় জিলার জজ সাহেবদের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

* ১৮৭৩ সালের ৩০ জুলাইর ১৬ নম্বর সরকুলর।
১৮৪৫ সালের ১৭ জানুয়ারির ৭৬ নম্বর সরকুলর।

২। এই বিধির অবহেলন হওয়াতে, নথী লইয়া যাইতে গবর্ণমেণ্টের অধিক খরচ পড়ে; এবং আপীল হইলে, কোন একটি নথী চাহিয়া পাঠাইতে হয়, —ইহাতে অনেক ডাকমাশুল লাগে।

৩। যে স্থলে নিম্ন আদালত জজ সাহেবের মোহাফেজখানা হইতে অথবা জজ সাহেব নিম্ন-আদালত হইতে কোন একটি নথী চাহিয়া পাঠান, যে ব্যক্তির প্রার্থনাক্রমে তাহা চাহিয়া পাঠান যায় ১৮৭২ সালের ২৮ মার্চ তারিখের ১০ নম্বর সরকুলরের নির্দ্দিষ্টমতে তাঁহার প্রতি ডাক খরচা দিবার আদেশ করিতে হইবে। উক্ত সরকুলর যদিও সরকুলর সংগ্রহ মধ্যে ধরা যায় নাই, তথাপি উহা কখনও রহিত করা হয় নাই।

---

১৯ নম্বর। ১৮৮০ সাল ২৮ আপ্রিল।

১৮৭৩ সালের ২৪ জুলাই তারিখের ১৭৬৩ নং (রাজস্ব বিষয়ক) নির্দ্ধারণে ভারতবর্ষীয় গবর্ণমেন্ট আজ্ঞা করেন যে কোন আদালতে মোকদ্দমার নিষ্পত্তি হইলে মোহাফেজের হস্তে যখন নথী রাখিবার জন্য অর্পিত হয়, তিনি প্রত্যেক কোর্ট ফী টিকিট ছেনী দিয়া কাটিয়া প্রথম ছিদ্র হইতে স্বতন্ত্র আর একটি ছিদ্র করিবেন, এবং তাহা করিয়াছেন বলিয়া সেই সময়েই লিখিয়া রাখিবেন। কোনং জিলার মহাফেজখানায় যত আমলা ছিল, এই অবধারিত কার্য্য সাধনার্থ তাহাদের সংখ্যা যথেষ্ট না হওয়াতে, এই আজ্ঞা সম্পূর্ণরূপে ফলবৎ করা যায় নাই। কিন্তু সমুদয় জিলার মহাফেজখানার নিমিত্ত গবর্ণমেন্ট এক্ষণে যথেষ্টসংখ্যক আমলা নিয়োগ করিবার অনুমতি দেওয়াতে, হাই কোর্ট আদেশ করিতেছেন যে জিলার জজ সাহেবেরা ভবিষ্যতে উক্ত আজ্ঞা সম্পূর্ণরূপে ফলবৎ করিবার আদেশ দিবেন।

২। নিম্নপ্রদেশের রেবিনিউ বোর্ড ১৮৭৮ সালের অক্টোবর মাসে যে সরকুলর প্রচার করেন তাহার একখণ্ড নিম্নে প্রদত্ত হইল; ইহা বিচার সম্পর্কীয় সমুদয় কর্ত্তৃপক্ষদের অবগতি ও উপদেশ নিমিত্ত পাঠান গেল। ইষ্টাম্প গৃহীত হইবার বা তদনুসারে কার্য্য হইবার পূর্ব্বে, তাহা ছেনী দিয়া কাটিয়া রেজিষ্টরী করা হয়, ইহা দেখা আবশ্যক বলিয়া ইহার প্রতি মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। খোলা আদালতে দরখাস্ত লইতে হয়, এনিমিত্ত বিচারপতির হস্তে দরখাস্ত দিবার অব্যবহিত পূর্ব্বে তাঁহার সম্মুখে ইষ্টাম্প ছেনী দিয়া কাটিয়া রেজিষ্টরী করিবার নিমিত্ত সেইস্থানে কোন ব্যক্তির উপস্থিত থাকা উচিত। ইষ্টাম্প ছেনী দিয়া কাটিবার সময়ে এই কর্ম্মচারী তাহার উপরে আপনার নাম ও তারিখ লিখিবেন।

নিম্নপ্রদেশের রেবিনিউ বোর্ডের প্রচারিত ১৮৭৮ সালের অক্টোবর মাসের ৫ নম্বর সরকুলর।

ইষ্টাম্প অকর্ম্মণ্য করণ সম্বন্ধে কোর্ট ফী বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ৩০ ধারায় যে বিধান আছে ও তৎসম্পর্কে গবর্ণমেণ্ট যে বিধি করিয়াছেন তাহা সকল স্থানে বিশেষ করিয়া মান্য হয় না বোর্ডের সাহেবেরা ইহা জানিতে পাইয়াছেন। অতএব বোর্ডের সাহেবদের বিবেচনায় যত বিধি ও আজ্ঞা সময়েং করা হইয়াছে তাহা এতৎসংক্রান্ত কার্য্যকারকদের উপদেশার্থে পুনর্ব্যাখ্যা করিয়া একত্র প্রকাশ করা বিহিত বোধ হইল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৭ জুলাই।]

2. Every Court and officer before whom a document requiring a stamp under the Court Fees Act is produced, is bound to see that the figure-head of the stamp is punched out and destroyed before taking action on the document (Government of India's Order, Financial Department, No. 831, dated 31st January 1874; Board's Circular Order No. 4 of February 1874).

3. After a case is decided, the record-keeper of every Court is required to punch a second hole on each stamp, distinct from the first, and to note the date of his doing so at the same time. The second punching should not remove so much of the stamp as to render it impossible or difficult to ascertain its value or nature. If the hole which was first punched is round, the second hole should be either square or triangular (Government of India's order, Financial Department, No. 1763, dated 24th July 1873; Board's Circular Order No. 3, August 1873, and No. 3 of October 1873).

4. In the case of copies, certificates, or other similar documents liable to be stamped under the Court Fees Act, the Court or office issuing them is required, before issue, to cancel the label affixed to them by punching out a portion of the label in such a manner as to remove neither the figure-head nor that part of the label upon which its value is expressed; and as an additional precaution, the signature of the officer attesting the document, with the date, should be written across the label and upon the paper on either side of it (Government of India's Order No. 3373, dated 24th September 1875; Board's Circular Order No. 4, November 1875).

5. An impression apparently exists that the hole which is punched by the issuing Court or office on the stamp-label affixed to copies, certificates, &c., under the order cited on the preceding paragraph, does away with the necessity of cancellation by punching out the figure-head, under Section 30 of the Act, by the Court or office in which the copy or certificate, &c., may be produced or filed; but this view is incorrect, and it will be readily understood that the orders in question cannot override the express provision of the Act.

6. It will therefore be observed that, under the orders now in force, all court fee stamps must be punched at least twice if they go into the record-room,—*first*, there is the punch required by Section 30 of the Act; and, *secondly*, the square or triangular punch of the record keeper. But if a stamped copy of a document is filed with the record in a judicial proceeding, it must be punched three times,—*first*, by the issuing Court or office; *secondly*, by the receiving Court or office; and *finally*, by the record-keeper.

7. The heads of courts or offices in which stamps are used or filed are required to cause an inspection to be made, at least once a quarter, of all papers and documents in the records of the Court or office that require adhesive labels, in order to ascertain that the stamps have been properly punched and defaced, and have not been subsequently removed from the documents in which they were used (Board's Circular Order No. 3 of October 1873, and 7th of November 1875).

[*Government Gazette, 27th July* 1880.]

২। কোর্ট ফী বিষয়ক আইনক্রমে যে লিপিতে ইষ্টাম্প লাগিবে এমন কোন লিপি কোন আদালতের কি কর্ত্তৃপক্ষের নিকট উপস্থিত করা গেলে তিনি সেই লিপি অনুসারে কার্য্য করিবার পূর্ব্বে ঐ ইষ্টাম্পে যে প্রতিকৃতি আছে তাহা ছেনী দিয়া কাটিয়া নষ্ট করাইবেন। (ফিনান্শ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৫ সালের ৩১ জানুয়ারির ৮৩১ নং আজ্ঞা, ও বোর্ডের ১৮৭৪ সালের ফেব্রুয়ারি মাসের ৪ নং সরকুলর অর্ডর)।

৩। মোকদ্দমা নিষ্পত্তি হইলে আদালতের মহাফেজ প্রত্যেক ইষ্টাম্পের প্রথমবার ছেনীকাটা স্থানের কিঞ্চিৎ অন্তর অন্য স্থানে আবার ছেনী দিয়া কাটিয়া সেই সময়েই কাটিবার তারিখ লিখিয়া দিবেন। যাহাতে ঐ ইষ্টাম্পের মূল্য কি ভাব নির্ণয় করিতে না পারা যায় কিম্বা নির্ণয় করা সুকঠিন হয় দ্বিতীয়বার ছেনী দিয়া কাটিবার সময়ে ইষ্টাম্পের এত অংশ যেন তুলিয়া ফেলা না যায়। প্রথম বার ছেনী দিয়া যে ছিদ্র করা যায় তাহা গোলাকার হইলে দ্বিতীয় বারের ছিদ্র চতুষ্কোণ কি ত্রিকোণাকার হওয়া উচিত। (ফিনান্শ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ২৪ জুলাইর ১৭৬৩ নং আজ্ঞা। বোর্ডের ১৮৭৩ সালের আগষ্ট মাসের ৩ নং ও ১৮৭৩ সালের অক্টোবর মাসের ৩ নং সরকুলর অর্ডর)।

৪। কোর্ট ফী বিষয়ক আইনক্রমে কোন নকল কি সর্টিফিকেট কি তদ্রূপ অন্য লিপিতে ইষ্টাম্প লাগিলে তাহা যে আদালত কি আফিসহইতে বাহির হইবে ঐ লিপি বাহির করিয়া দিবার পূর্ব্বেই উক্ত আদালত কি আফিস ছেনী দিয়া টিকিটের একাংশ এমন ভাবে কাটিয়া টিকিট অকর্ম্মণ্য করাইবেন যেন মহারাণীর মুখের প্রতিকৃতি ও মূল্যের লিপি উঠিয়া না যায়। আর এই বিধি মানিবার কোন ত্রুটি না হয় এই কারণে যে কার্য্যকারক ঐ লিপিতে স্বাক্ষর করেন তিনি টিকিটের ও তাহার দুই পার্শ্বের কাগজের উপর তারিখ সুদ্ধ আপন নাম লিখিবেন। (ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখের ৩৩৭১ নং আজ্ঞা। বোর্ডের ১৮৭৫ সালের নবেম্বর মাসের ৪ নং সরকুলর অর্ডর।)

৫। কেহ২ বোধ করেন যে উপরের লিখিত পরিচ্ছেদে ব্যক্ত অর্ডর ক্রমে নকল ও সর্টিফিকেটাদির ইষ্টাম্পের টিকিটে যে আদালত কি আফিস সেই লিপি জারী করেন সেই আদালত কি আফিস যে ছিদ্র ছেনা দিয়া কাটেন সেই ছিদ্র কাটাতে যে আদালতে কি আফিসে উক্ত নকল কি সর্টিফিকেটাদি উপস্থিত কি অর্পণ করা যায় আইনের ৩০ ধারামতে প্রতিকৃতি ছেনী দিয়া কাটিয়া টিকিট অকর্ম্মণ্য করিবার যে আদেশ আছে সেই আদালতের কি আফিসের সেইরূপ করিবার প্রয়োজন করে না; কিন্তু তাহা ভ্রম, কেন না ইহাই স্পষ্ট যে উক্ত অর্ডর দ্বারা আইনের বিশেষ বিধান রহিত করা যাইতে পারে না।

৬। অতএব সম্প্রতি যে অর্ডর প্রচলিত আছে তদনুসারে কোর্ট ফীর ইষ্টাম্প মহাফেজ খানায় গেলে তাহা ন্যূনকল্পে দুইবার ছেনী দিয়া কাটা যাইবে। আইনের ৩০ ধারামতে ছেনী দিয়া কাটিবার প্রয়োজন থাকাতে এই একবার কাটা হইবে এবং মহাফেজ চতুষ্কোণ অথবা ত্রিকোণাকারের ছিদ্র করিলে দ্বিতীয়বার কাটা হইবে। কিন্তু কোন লিপির যে নকলে ইষ্টাম্প আছে তাহা আদালত সম্পর্কীয় কোন প্রণালামতে উপস্থিত করা গেলে তিন বার ছেনী দিয়া কাটিতে হইবে, অর্থাৎ যে আদালত কি আফিসহইতে জারী হইল সেই আদালত কি আফিস তাহা একবার কাটিবেন, তাহার পর যে আদালত কি আফিস তাহা প্রাপ্ত হন সেই আদালত কি আফিস অন্যবার কাটিবেন, এবং অবশেষে মহাফেজ তাহা কাটিবেন।

৭। ইষ্টাম্প গুলি ছেনী দিয়া উপযুক্তরূপে কাটা গিয়া বিকৃত হইয়াছে কি না আর তাহা যেং দলীলের জন্যে ব্যবহার হইয়াছিল সেই দলীলহইতে পশ্চাৎ উঠাইয়া লওয়া যায় নাই ইহা নিশ্চয় করিয়া জানিবার নিমিত্ত যেং আদালতে কি আফিসে ইষ্টাম্প ব্যবহার হইয়া থাকে অথবা অর্পিত হইয়া থাকে সেইং আদালতের কি আফিসের প্রধান কর্ত্তৃপক্ষেরা ন্যূন কল্পে তিনং মাসান্তে একবার আপনং আদালতের কি আফিসের যত কাগজপত্রে ও দলীলে আটাল টিকিট লাগে তাহার নিরীক্ষণ করাইবেন। (বোর্ডের ১৮৭৩ সালের অক্টোবর মাসের ৩ নং ও ১৮৭৫ সালের নবেম্বর মাসের ৭ নং সরকুলর অর্ডর।)

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L. *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 19, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১৯ অক্টোবর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 21, dated the 14th May 1880.

The High Court of Judicature is pleased to circulate, for the information and guidance of all District Judges and their subordinates, the accompanying copy of a Resolution of the Lieutenant-Governor of Bengal, from which it will be seen that His Honor has determined on the definitive introduction of the Nagri character into all Courts in the Patna Division and parts of the Bhagulpore Division.

2. **District Judges and all persons affected by this order are reminded that so long ago as September 1875,* distinct warning was given that such alteration was intended, and that all ministerial officers were required to make themselves conversant with the Nagri character. Those who have neglected to do so will have to take the consequences of their default.**

* Circular Order No. 13, dated 11th September 1875.

3. **Detailed instructions on any points which require them will in due time be issued, and the Court will take steps for the promulgation and supply of all necessary forms, registers, and the like in the Nagri character.**

Resolution by the Government of Bengal, General (Miscellaneous) Department,—dated the 13th April 1880.

READ —

The following papers regarding the substitution of the Nagri and Kaithi character for the Persian character in the courts and offices of the Patna Division :—

Letter from the Commissioner of Patna, No. 897J , dated 8th October 1873.

,, to the Commissioner of Patna, No. 1210, dated 2nd April 1874.

,, from the Commissioner of Patna, No. 182J, dated 20th May 1875.

,, to the Commissioner of Patna, No. 175T, dated 9th July 1875.

Read also—

Letter No. 12009, dated 6th September 1879, from the Inspector-General of Police, and No 81J, dated 12th March 1880, from the Commissioner of Patna.

This subject has been under discussion for the last seven years but the orders issued by Government appear to have been practically ignored The orders of the 2nd April 1874 and 9th July 1875, which reiterated previous orders for the use of Hindi and the Nagri character in the courts and offices of the Patna, Bhagulpore, and Chota Nagpore Divisions, directed that all processes, notifications and proclamations should be made in Hindi ; that official records should be kept in Hindi ; that petitions should be received at the option of the presenters, in the Hindi or Urdu character ; and that a knowledge of the Hindi character should be insisted on in the case of Police and Ministerial officers. The Inspector-General of Police has lately brought to the notice of the Lieutenant-Governor that the *Behar Police Gazette* is practically useless to the officers of his department, because few Police officers can read fluently the Nagri character in which it is printed. The Commissioner of Patna has also reported that the orders for the introduction of Hindi have remained a dead letter, except in his own office and in the Madhubani sub-division ; that petitions are almost invariably written in Urdu ; that vernacular orders to the police and police diaries and registers are almost invariably written in Urdu ; that the registers in the collectorate and fouzdari are also generally written in Urdu ; and that the orders have been so far disregarded that in some courts Hindi printed forms of notices, &c., are filled up in Urdu, instead of in Kaithi

2 It is evident, from the Commissioner's report, that no real advance has been made in giving effect to the wishes of Government in this matter ; and the Lieutenant-Governor has come to the conclusion that the change so long enjoined by Government will never be thoroughly introduced until Nagri (or Kaithi) is made the character for *exclusive* use in official documents in Behar. He accordingly directs that this character shall be exclusively

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরক্যুলর অর্ডর।

দেওয়ানী।

২১ নম্বর।—১৮৮০ সাল ১৪ মে।

হাই কোর্ট জিলার জজ সাহেবদের ও তাঁহাদের অধীন কর্ম্মচারিদের অবগতি ও উপদেশ নিমিত্ত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিরূপণের এতৎসংযুক্ত প্রতিলিপি প্রচার করিলেন। ইহাতে দৃষ্ট হইবে যে উক্ত মান্যবর সাহেব পাটনা খণ্ডে ও ভাগলপুর খণ্ডের কোনং অংশে সমুদয় আদালতে নাগরী অক্ষর নির্দ্দিষ্টরূপে চালাইবার সংকল্প করিয়াছেন।

২। জিলার জজ সাহেবদিগকে ও এই আজ্ঞাসংসৃষ্ট ব্যক্তি সকলকে স্মরণ করাইয়া দেওয়া যাইতেছে যে, দীর্ঘকাল পূর্ব্বে অর্থাৎ ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসে* স্পষ্ট বাক্যে সাবধান করিয়া দেওয়া হয় যে উক্ত পরিবর্ত্তন করিবার কল্পনা আছে, এবং সমুদয় আমলার নাগরী অক্ষর পরিচয় করা আবশ্যক। যাঁহারা তাহা করিতে উপেক্ষা করিয়াছেন, তাঁহাদের আপনং ত্রুটির ফলভোগ করিতে হইবে।

* ১৮৭৫ সালের ১১ সেপ্টেম্বর তারিখের ১২ নং সরক্যুলর।

৩। যেং বিষয়ে বিস্তারিত উপদেশ দেওয়া আবশ্যক হয় যথাকালে দেওয়া যাইবে, এবং হাই কোর্ট যাহাতে নাগরী অক্ষরে আবশ্যক পাঠ, রেজিষ্টর প্রভৃতি প্রচার করা ও যোগান হয় তাহার উপায় বিধান করিবেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ।—জেনরল ডিপার্টমেণ্ট (বিবিধ), ১৮৮০ সাল ১৩ আপ্রিল।

পাটনা খণ্ডের আদালতে ও আফিসে পারসী অক্ষরের পরিবর্ত্তে নাগরী ও কায়েতী অক্ষর প্রচলন সম্বন্ধে নিম্নলিখিত কাগজপত্র, অর্থাৎ, পাটনার কমিশ্যনর সাহেবের ১৮৭৩ সালের ৮ অক্টোবর তারিখের ৩৯৭ J নং পত্র, পাটনার কমিশ্যনর সাহেবের প্রতি ১৮৭৪ সালের ২ আপ্রিল তারিখের ১২১০ নং পত্র, পাটনার কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ২০ মে তারিখের ১৮২ J নং পত্র ও পাটনার কমিশ্যনর সাহেবের প্রতি ১৮৭৫ সালের ৯ জুলাই তারিখের ১৭ST নং পত্র পাঠ করা গেল।

আর পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের ১৮৭৯ সালের ৬ সেপ্টেম্বর তারিখের ১২০০৯ নং পত্র, এবং পাটনার কমিশ্যনর সাহেবের ১৮৮০ সালের ১২ মার্চ তারিখের ৮০J নং পত্র পাঠ করা গেল।

গত সাত বৎসর ধরিয়া এবিষয়ে বাদানুবাদ চলিতেছে; কিন্তু গবর্ণমেণ্ট যেং আজ্ঞা দিয়াছেন, কার্য্যতঃ তৎপ্রতি অনাদর করা হইয়াছে। ১৮৭৪ সালের ২ আপ্রিলের ও ১৮৭৫ সালের ৯ জুলাইর আজ্ঞায় পাটনা, ভাগলপুর ও ছোট নাগপুর খণ্ডের আদালতে ও আফিসে হিন্দি ও নাগরী অক্ষর ব্যবহার সম্বন্ধীয় পূর্ব্ব২ আজ্ঞা উল্লেখ করিয়া আদেশ দেওয়া হয় যে, সমুদয় পরওয়ানা বিজ্ঞাপনাদি ঘোষণাপত্র হিন্দিতে দিতে হইবে, আফিসের কাগজপত্র হিন্দিতে রাখিতে হইবে, দরখাস্তকারির ইচ্ছামতে হিন্দি বা উর্দ্দু অক্ষরে দরখাস্ত লইতে হইবে; এবং পোলীসের কর্ম্মচারিদের ও আফিসের আমলাদের সম্বন্ধে হিন্দি অক্ষর জ্ঞান আবশ্যক বলিয়া ধরিতে হইবে। সম্প্রতি পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে অবগত করিয়াছেন যে বেহার পোলীস গেজেট তাঁহার কার্য্যবিভাগের কর্ম্মচারিদের পক্ষে কার্য্যতঃ অব্যবহার্য্য, কারণ ইহা যে নাগরী অক্ষরে ছাপা হয় পোলীসের অল্প কর্ম্মচারী তাহা সহজে পড়িতে পারে। পাটনার কমিশ্যনর সাহেব রিপোর্ট করিয়াছেন যে তাঁহার আপন আফিস ও মধুবনী মহকুমা ভিন্ন সর্ব্বত্রই হিন্দি চালাইবার আজ্ঞা মৃতবৎ পড়িয়া আছে; দরখাস্তগুলি প্রায় নিয়ত উর্দ্দুতে লেখা হয়; পোলীসের প্রতি দেশীয় ভাষায় যে আজ্ঞা দেওয়া যায় তাহা এবং পোলীসের রোজনামা ও রেজিষ্টর গুলি প্রায় নিয়ত উর্দ্দুতে লেখা হয়; কালেক্টরী ও ফৌজদারী রেজিষ্টর গুলিও সাধারণতঃ উর্দ্দুতে লেখা হয়; এবং আজ্ঞার প্রতি এত অবহেলা হইয়াছে যে কোনং আদালতে নোটিস প্রভৃতির ছাপা হিন্দি পাঠ কায়েতীতে না লিখিয়া উর্দ্দুতে পূরণ করা হয়।

২। কমিশ্যনর সাহেবের রিপোর্ট হইতে স্পষ্টই জানা যাইতেছে যে, এই বিষয়ে গবর্ণমেণ্টের ইচ্ছা ফলবতী করণ সম্বন্ধে প্রকৃতপক্ষে কোনরূপ উন্নতি হয় নাই; এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, যাবৎ বেহারের রাজকার্য্য সংক্রান্ত কাগজপত্রে কেবল নাগরী বা কায়েতী অক্ষর ব্যবহার করিবার আজ্ঞা না হয়, তাবৎ গবর্ণমেণ্টের দীর্ঘকালের অভিলষিত উক্ত পরিবর্ত্তন সম্পূর্ণরূপে কার্য্যে পরিণত হইবে না। এই নিমিত্ত তিনি আদেশ করিতেছেন,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

used from the 1st January 1881 throughout the Patna Division, and in such districts of the Bhagulpore Division as may hereafter be notified; and that the issue from the courts, or the reception by the courts, of any document in the Persian character, except as exhibits, shall be absolutely forbidden. Pending further enquiry, these orders will not for the present be enforced in the Chota Nagpore Division.

Police officers and amlah are hereby warned that if they cannot read and write the Nagri character by the above date, they will have to make room for those who can.

3. It has been pointed out by the Inspector-General of Police that the lithographed manuscripts issued by the Central Examination Committee for the departmental examinations of civilians, deputy magistrates, police officers, &c., are for the Urdu language, written in the Persian, instead of the Hindi character, and that officers are not required to pass any examination in Hindi as written in the Nagri character. Urdu and Hindi being identical languages, a change in the character will make no essential difference in the nature of the examination. The Lieutenant-Governor therefore desires that, after the 1st January 1881, the lithographed papers for candidates in the districts referred to in this Resolution shall be in the Kaithi character. Officers will by that date have had sufficient time to acquire fluency in reading the character.

ORDER.—Ordered that a copy of this Resolution be forwarded to the Commissioner of Patna for information and guidance, and to the Commissioners of Bhagulpore and Chota Nagpore for report.

Ordered that a copy be forwarded to the Judicial Department of this office for information. As examination questions are dealt with by the Appointment Department, they may be asked to issue the necessary instructions to the Central Examination Committee.

CIVIL AND CRIMINAL.

No. 22, dated the 2nd June 1880.

IN supersession of the orders contained in Circular Order No. 85, of 5th August 1861, of the late Sudder Nizamut Adawlut, and in Circular Order No. 8 (Civil), dated 29th June 1875, the Court are pleased to direct that in future, in all Civil and Criminal Courts, a uniform charge be made for the preparation of copies, whether authenticated or unauthenticated, at the rate of four annas per folio. This term, it is to be carefully explained to all subordinate officers, merely denominates a certain quantity of manuscript; the folio to consist of 150 words English, or of 300 words Vernacular.

2. It is intended that this charge should eventually be levied by means of an impressed stamp of four annas on each sheet of paper corresponding with the folio to be provided by the applicant for a copy. Till such stamps are available, sheets bearing each an impressed (non-judicial) stamp of two annas* will be used for the preparation of the copies; and the applicant will be required to affix to his application court-fee stamps of an amount sufficient to make up the balance of the charge at the rate of two annas per folio.

* The Superintendent of Stamps will be requested to arrange for the supply of these stamps through the usual channel, and to have them enfaced with the words "For copies."

3. All copies, whether authenticated or unauthenticated, must in future, before issue, be examined by a salaried officer. The copies themselves will in all cases be made by section-writers, who will be remunerated at the rate of 2 annas per folio. *General Letter No. 19, dated 29th November 1877, is cancelled.*

4. The charge of two annas per folio, levied by means of the impressed stamp, represents the payment to Government on account of the salary of examiners, cost of paper, &c. No refund of this amount will accordingly be allowed. The amount received in court-fee stamps will represent the earnings of the section-writers, whose accounts will be made up monthly, and the amount due to each paid out of contingencies. These payments must be checked at the time with the applications for copies; and care must be taken to see that nothing in excess of the court-fee stamps realized is paid away.

5. To prevent the risk of court-fee stamps being used more than once, the stamps must be cancelled in the usual way at once, when the application is presented, and entry of the amount made, not in the Register of Court-fee Stamps, but in a separate register to be

যে পাটনা খণ্ডের সর্ব্বত্র এবং ভাগলপুর খণ্ডের যেই জিলা সম্বন্ধে পরে সংবাদ দেওয়া যায় সেই২ জিলায় ১৮৮১ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি কেবল এই অক্ষর ব্যবহার করা যাইবে; এবং মোকদ্দমার দলীল পত্র ছাড়া পারসী অক্ষরে লিখিত কোন কাগজপত্র আদালতে হইতে দেওয়া বা আদালত কর্ত্তৃক গ্রহণ একেবারে নিষিদ্ধ হইবে। আরো অনুসন্ধানের অপেক্ষায় এই আজ্ঞা এক্ষণে ছোট নাগপুর খণ্ডে প্রবল করা যাইবে না।

পোলীসের কর্ম্মচারী ও আমলাদিগকে এতদ্দ্বারা সাবধান করিয়া দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত তারিখের মধ্যে তাহারা নাগরী অক্ষর পড়িতে ও লিখিতে না পারিলে তাহাদের পদে যাহারা পারে এরূপ লোকদিগকে নিযুক্ত করা যাইবে।

৭। পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেব দেখাইয়া দিয়াছেন যে, সিবিল কর্ম্মকারকদের, ডেপুটী মাজিষ্ট্রেটদের ও পোলীসকর্ম্মচারী প্রভৃতির কার্য্যবিভাগীয় পরীক্ষার নিমিত্ত সদর পরীক্ষা কমিটী যে লিথোগ্রাফ করা হস্তলিপি দেন তাহা উর্দ্দূভাষায় পরীক্ষা নিমিত্ত হিন্দি অক্ষরের পরিবর্ত্তে পারসী অক্ষরে লিখিত হয়, এবং নাগরী অক্ষরে লিখিত হিন্দিতে কোন রাজকর্ম্মচারির কোন পরীক্ষা দিতে হয় না। উর্দ্দূ ও হিন্দি ভাষা এক হওয়াতে, অক্ষর পরিবর্ত্তন করিলে পরীক্ষার প্রকৃতি সম্বন্ধে কোন বিশেষ প্রভেদ হইবে না। এই নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ইচ্ছা এই যে ১৮৮১ সালের, ১ জানুয়ারি তারিখের পর এই নির্দ্ধারণের উল্লিখিত জিলা সমূহে পরীক্ষার্থিদের নিমিত্ত লিথোগ্রাফ করা কাগজ কায়েথী অক্ষরে লিখিত হইবে। রাজকর্ম্মচারিগণ ঐ তারিখের মধ্যে ঐ অক্ষর সহজে পড়িতে লিখিবার নিমিত্ত যথেষ্ট সময় পাইবেন।

আজ্ঞা।—আজ্ঞা হইল যে এই নির্দ্ধারণের একখণ্ড প্রতিলিপি অবগতি ও উপদেশ নিমিত্ত পাটনার কমিশনর সাহেবের নিকটে এবং রিপোর্ট নিমিত্ত ভাগলপুরের ও ছোট নাগপুরের কমিশনর সাহেবের নিকটে পাঠান যায়।

আজ্ঞা হইল যে, অবগতি নিমিত্ত একখণ্ড প্রতিলিপি এই আফিস হইতে জুডিশ্যাল ডিপার্টমেণ্টে পাঠান যায়। পরীক্ষা সম্বন্ধীয় প্রশ্নসকল আপৈণ্টমেণ্ট ডিপার্টমেণ্টের হস্তে থাকায়, সদর পরীক্ষা কমিটীর প্রতি আবশ্যক আদেশ দিতে উক্ত ডিপার্টমেণ্টকে বলা যাইতে পারিবে।

দেওয়ানী ও ফৌজদারী।

২২ নম্বর। ১৮৮০ সাল ২ জুন।

ভূতপূর্ব্ব সদর নিজামত আদালতের ১৮৬১ সালের ৫ আগষ্টের ৮৫ নং সরকুলরের ও ১৮৭৫ সালের ২৯ জুলের ৮ নং দেওয়ানী সরকুলারের যে আজ্ঞা আছে তাহা রহিত করিয়া হাই কোর্ট এই আদেশ করিলেন যে, ভবিষ্যতে সমুদয় দেওয়ানী ও ফৌজদারী আদালতে, সহীমোহরের নকল হউক বা না হউক নকল প্রস্তুত করিবার নিমিত্ত পৃষ্ঠা প্রতি চারি আনা হিসাবে সমান খরচ ধরা যাইবে। সমুদয় অধীন কর্ম্মচারিদিগকে সাবধানে বুঝাইয়া দিতে হইবে যে, পৃষ্ঠা শব্দে কেবল কিয়ৎপরিমাণ হস্তলিপি বুঝায়; ইংরাজী ১৫০ শব্দে, কিম্বা দেশীয় ভাষার ৩০০ শব্দে, এক পৃষ্ঠা হইবে।

২। নকলের জন্য দরখাস্তকারির যে কাগজ দিতে হইবে, তজ্জন্য প্রত্যেক খণ্ড কাগজে চারি আনা মূল্যের ছাপা ইষ্টাম্প লাগাইয়া পরিণামে এই খরচ আদায় করিবার কল্পনা আছে। উক্তরূপ ইষ্টাম্প কাগজ যাবৎ না পাওয়া যায়, দুই আনা মূল্যের যে ইষ্টাম্প বিচারসম্পর্কীয় নয়, নকল প্রস্তুত করিবার জন্য সেইরূপ ছাপা ইষ্টাম্পযুক্ত কাগজ* ব্যবহার করা যাইবে; এবং পৃষ্ঠা প্রতি দুই আনা হিসাবে বাকী খরচ পূরণ করিবার উপযোগী টাকার কোর্ট ফী ইষ্টাম্প দরখাস্তে লাগাইয়া দিতে দরখাস্তকারির প্রতি আদেশ থাকিবে।

* নিয়মিত প্রণালীতে এই সকল ইষ্টাম্প যোগাইবার বন্দোবস্ত করিতে ও তাহাদের উপর "নকলের নিমিত্ত" এই কথা বসাইয়া দিতে ইষ্টাম্প সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি আদেশ দেওয়া যাইবে।

৩। সহীমোহরের নকল হউক বা না হউক, ভবিষ্যতে প্রত্যেক নকল দিবার পূর্ব্বে কোন বেতনভোগী কর্ম্মচারী তাহা পরীক্ষা করিয়া দেখিবেন। সেকৃশন লেখকেরা সকলগুলি নকল করিবেন, এবং পৃষ্ঠা প্রতি দুই আনা হিসাবে পারিশ্রমিক পাইবেন। ১৮৭৭ সালের ২৯ নবেম্বরের ১৯ নং সাধারণ পত্র রহিত করা গেল।

৪। ছাপা ইষ্টাম্প দ্বারা পৃষ্ঠা প্রতি যে দুই আনা খরচ আদায় করা যায়, তাহা পরীক্ষকদের বেতন, কাগজের মূল্য প্রভৃতি হিসাবে গবর্ণমেণ্টকে দেওয়া যায়। সুতরাং এই টাকা ফিরাইয়া দেওয়া যাইবে না। কোর্ট ফী যোগে যে টাকা পাওয়া যায়, তাহা সেকৃশন লেখকদের উপার্জ্জন স্বরূপ; তাহাদের হিসাব মাসে ২ মিটান যাইবে, এবং নৈমিত্তিক খরচের টাকা হইতে তাহাদের প্রত্যেকের প্রাপ্য টাকা দেওয়া যাইবে। নকলের দরখাস্তের সহিত এই টাকা ঐ সময়ে মিলাইয়া দেখিতে হইবে; এবং সাবধান হইয়া দেখিতে হইবে যে কোর্ট ফী ইষ্টাম্প যোগে যত টাকা আদায় হয় তাহার অধিক দেওয়া না হয়।

৫। কোর্ট ফী ইষ্টাম্পের একবারের অধিক ব্যবহারের আশঙ্কা নিবারণার্থে, যখন দরখাস্ত উপস্থিত করা যায়, তখন ইষ্টাম্প চলিত প্রণালীমতে অযোগ্য অকর্ম্মণ্য করিতে হইবে, এবং টাকার পরিমাণ কোর্ট ফী ইষ্টাম্পের রেজিষ্টরে না লিখিয়া তৎকার্য্যজন্য রক্ষিত স্বতন্ত্র রেজিষ্টরে লিখিতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

kept for the purpose. At the end of the month, the officer passing the copyist's account will, after checking it with the court-fee stamps, remove the upper part of the applications containing the latter, and, after tearing them to pieces, cause them to be burnt in his presence. A certificate that this has been done must be attached to the contingent-bill on which the copyist's fees are drawn.

6. To protect the interests of the Government, care must be taken to see that no copies issue from the courts which are not prepared on the prescribed stamp paper, which must be written on one side of the sheet only,* and not contain more than the authorized number of words. On the other hand, care must be taken to see that applicants are not imposed upon by the copyists spreading their writing over a larger number of sheets than is necessary. By insisting on the number of lines in each sheet being uniform, control may easily be exercised in this matter, the number of words in a few of the lines in each folio being checked. The business of a copyist is (like most other occupations) one calling for skill, and greatly dependent for its successful practice in experience: copyists, therefore, must possess or acquire skill in their business, or they ought not to be retained.

* As the size of the paper at present available is somewhat small, it may be found convenient to make the copy, not on the side bearing the impressed stamp but on the reverse.

7. In the case of authenticated copies, the court-fee chargeable under the Court-fees Act should be levied by affixing the necessary stamp to the first folio of the copy.

8. A register of applications for copies should be maintained in the following form:—

Register of Applications for Copies.

Serial number.	Date of application.	Name of applicant.	NUMBER OF FOLIOS				Amount of court-fees realized.	Date on which copy was ready for delivery.	Date on which delivery was taken.	REMARKS
			Filed with application.	Filed afterwards	Returned unused.	Used				
1	2	3	4	5	6	7	8		10	11

CIVIL.

No. 23, dated the 3rd June 1880.

The Court having found on inquiry that the practice based on its Circular Order No. 10, dated 28th March 1872, differs in different districts as regards recovering from parties to a suit the cost of retransmitting records called for by the Court, is pleased to lay down the following instructions with a view to securing uniformity of practice.

2. When a record is called for by a Civil Court at the instance of a party, the cost of postage should be borne by such party, both for the transmission of the record and for its retransmission: more especially in execution cases. And when a Court calls for records of its own motion, and sees fit in its discretion to make the postage, which is in the first instance paid by the State, a part of the costs payable by the losing or other party, such postage should include the cost of retransmission of the records.

3. With reference to the practice which appears to exist in some districts of sending to Moonsiffs records of execution cases by peons, the Court observes that, although in appearance no cost may be incurred in sending records by peons or coolies, it certainly must cause outlay indirectly. But what is more important is, that to trust the carriage of records to chance "peons and coolies" is an insecure and unsatisfactory plan, as no one could effectually be held responsible in case of important documents being lost in such circumstances.

4. The Court is accordingly of opinion that the post is the proper and regular mode of transmission, and ought to be resorted to on all these occasions.

[*Government Gazette*, 19*th October* 1880.]

হইবে। মাসের শেষে যে কার্য্যকারক নকলনবিশদের হিসাব মঞ্জুর করেন তিনি উহা কোর্ট ফীর সহিত মিলাইয়া দেখিয়া দরখাস্তের কোর্টফীযুক্ত উপরিভাগ উঠাইয়া লইবেন এবং সেগুলি খণ্ড২ করিয়া ছিঁড়িয়া আপনার সম্মুখে পোড়াইয়া ফেলিবেন। ইহা যে করা হইয়াছে ইহার সার্টিফিকেট যে নৈমিত্তিক খরচের বিলক্রমে নকলনবিশদের ফী বাহির করা যায় সেই বিলে সংলগ্ন করিয়া দিতে হইবে।

৬। গবর্ণমেণ্টের স্বার্থ সংরক্ষণার্থে সাবধান হইয়া দেখিতে হইবে যে, যে সকল নির্দ্দিষ্ট ইষ্টাম্প কাগজে লেখা নহে তাহা আদালত হইতে দেওয়া না হয়। ঐ ইষ্টাম্প কাগজের কেবল এক পৃষ্ঠা * লিখিতে হইবে, এবং তাহাতে অনুমোদিত সংখ্যার অধিক শব্দ থাকিবে না। অন্যদিকে আবার সাবধান হইয়া দেখিতে হইবে যে, যত সংখ্যক কাগজ আবশ্যক তদধিক কাগজে লেখা ছড়াইয়া নকলনবিশেরা দরখাস্তকারিদিগকে প্রতারিত না করে। প্রত্যেক খণ্ড কাগজে পংক্তির সংখ্যা সমান রূপ করিবার আজ্ঞা দিয়া প্রত্যেক পৃষ্ঠার কএক পংক্তির শব্দ সংখ্যা মিলাইয়া দেখিয়া, সহজে এবিষয়ের তত্ত্বাবধান করা যাইতে পারে। অন্যান্য অধিকাংশ কর্ম্মের ন্যায়, নকলনবিশের কর্ম্মেও দক্ষতা চাই এবং কার্য্যে সফলতা লাভ করিতে হইলে এই কর্ম্মও বহুপরিমাণে অভিজ্ঞতাসাপেক্ষ। এই নিমিত্ত নকলনবিশদের আপন কর্ম্মে দক্ষতা থাকা বা লাভ করা আবশ্যক, নতুবা তাহাদিগকে রাখা উচিত নহে।

* এক্ষণে যে আয়তনের কাগজ পাওয়া যায় তাহা কিঞ্চিৎ ক্ষুদ্র। এই নিমিত্ত যে পৃষ্ঠায় ছাপা ইষ্টাম্প থাকে, সেই পৃষ্ঠায় না লিখিয়া অপর পৃষ্ঠায় নকল করিলে সুবিধা হইতে পারে।

৭। সহীমোহরের নকল হইলে, আদালতের রসুমবিষয়ক আইনমতে যে কোর্ট ফী ধরা যায় নকলের প্রথম পৃষ্ঠায় আবশ্যক ইষ্টাম্প লাগাইয়া দিয়া তাহা আদায় করিতে হইবে।

৮। নকলের দরখাস্তের রেজিষ্টর নিম্নলিখিত পাঠে রাখিতে হইবে।—

নকলের দরখাস্তের রেজিষ্টর।

ক্রমিক নম্বর।	দরখাস্তের তারিখ।	দরখাস্তকারির নাম।	খণ্ড কাগজ।				যত টাকা কোর্ট ফী আদায় হয়।	যে তারিখে নিবার নিমিত্ত নকল প্রস্তুত হয়।	যে তারিখে নকল দেওয়া হয়।	মন্তব্য।
			দরখাস্তের সহিত দাখিল করা যায়।	পরে দাখিল করা যায়।	ব্যবহার না করিয়া ফিরাইয়া দেওয়া যায়।	ব্যবহার করা যায়।				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

দেওয়ানী।

২৩ নম্বর। ১৮৮০ সাল ৩ জুন।

হাই কোর্ট অনুসন্ধান দ্বারা জানিতে পারিয়াছেন যে কোর্ট নথী তলব করিলে তাহা ফিরাইয়া দিবার খরচ মোকদ্দমার পক্ষদের স্থানে আদায় করিবার সম্বন্ধে এই কোর্টের ১৮৭৯ সালের ২৮ মার্চের ১০ নং সরকুলারের মূল করিয়া ভিন্ন২ জিলায় ভিন্ন২ রীতি হইয়াছে: এই নিমিত্ত কোর্ট রীতির সাধারণ বিধান নিমিত্ত নিম্নলিখিত আদেশ দিলেন।

২। কোন পক্ষের অনুরোধ ক্রমে কোন দেওয়ানী আদালত নথী তলব করিলে, নথী পাঠাইবার ও ফিরাইয়া পাঠাইবার ডাকের খরচ ঐ পক্ষের দিতে হইবে; বিশেষতঃ ডিক্রী জারীর মোকদ্দমায় এইরূপ হইবে। কোন আদালত আপন ইচ্ছানুসারে নথী তলব করিলে, প্রথমে সরকার হইতে যে ডাক খরচ দেওয়া যায় তাহা আপন বিবেচনাতে যে পক্ষ হারে তাহার বা অন্যপক্ষের দেয় খরচার অংশ বলিয়া গণ্য করিলে, ঐ ডাকের খরচের মধ্যে নথী ফিরাইয়া পাঠাইবার খরচও ধরা যাইবে।

৩। কোন২ জিলায় ডিক্রীজারীর মোকদ্দমার নথী মুন্সেফদের নিকট পেয়াদাদ্বারা পাঠাইবার রীতি আছে দেখা যায়। এই রীতি সম্বন্ধে কোর্টের মন্তব্য এই যে, যদিও পেয়াদা বা বেহারা দ্বারা নথী পাঠাইলে দৃশ্যতঃ কোন খরচ পড়ে না, ইহাতে নিশ্চয়ই পরোক্ষ ব্যয় হয়। কিন্তু অপেক্ষাকৃত প্রয়োজনীয় কথা এই যে, কুচিৎগামী "পেয়াদা ও বেহারাদের" হস্তে নথী সকল কার্য্য সম্পন্ন করা নিরাপদ ও সন্তোষজনক প্রণালী নহে, কারণ এরূপ অবস্থায় প্রয়োজনীয় কাগজপত্র হারাইলে কাহাকেও সফলরূপে দায়ী ধরা যায় না।

৪। এই নিমিত্ত কোর্টের মত এই যে, ডাকযোগে প্রেরণ করাই বিহিত ও নিয়মিত প্রণালী, এবং সকল স্থলে উহাই অবলম্বন করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

CIVIL.

No. 24, dated the 11th June 1880.

The Court are pleased to sanction, as an experimental measure, the filling up by duly certificated Mookhtars, of the requisite particulars, names of parties and witnesses, and the like, in the forms of processes to be served on defendants and on witnesses; the parties who apply for the issue of such processes being held responsible for the correct filling up, which must be effected before the processes are signed and sealed by the Court.

2. District Judges will be good enough to watch the working of this measure, and to report upon it at the end of six months.

CIVIL.

No. 25, dated the 29th June 1880.

Circular Order No. 127 of the 12th December 1834, directing when and under what circumstances execution cases are to be struck off the file, and when to be revived, is cancelled.

[*Government Gazette* 19*th October* 1880.]

দেওয়ানী ।

২৪ নম্বর। ১৮৮০ সাল ১১ জুন ।

প্রতিবাদিদের ও সাক্ষিদের উপর যে ২ পরওয়ানা জারী করিতে হইবে, তাহার পাঠে পক্ষদের ও সাক্ষিদের নাম প্রভৃতি আবশ্যক বিবরণ নিয়মিত সর্টিফিকেট প্রাপ্ত মোক্তারদের দ্বারা পূরণ করা পরীক্ষার্থ বিধান স্বরূপ কোর্ট অনুমোদন করিলেন; যে পক্ষেরা ঐরূপ পরওয়ানা বাহির হইবার নিমিত্ত প্রার্থনা করেন, তাঁহাদিগকেই শুদ্ধরূপ পূরণ নিমিত্ত দায়ী ধরা যাইবে, এবং পরওয়ানা আদালত কর্ত্তৃক স্বাক্ষরিত ও মোহরযুক্ত হইবার পূর্ব্বে ঐরূপ পূরণ করিতে হইবে ।

২ । জিলার জজ সাহেবেরা এ বিধানের কার্য্য কিরূপ হয় সাবধানে দেখিবেন, এবং ছয় মাসের শেষে এতৎসম্বন্ধে রিপোর্ট করিবেন ।

---

২৫ নম্বর। ১৮৮০ সাল ২৯ জুন ।

কখন্ এবং কি অবস্থায় ডিক্রীজারীর মোকদ্দমা নথী হইতে উঠাইয়া দিতে হইবে, এবং কখন্ আবার তুলিয়া লইতে হইবে, এই বিষয়ের আদেশসূচক ১৮৩৪ সালের ১২ ডিসেম্বরের ১২৭ নং সরকুলর রহিত করা গেল ।

RAJ KRISHNA MUKHOPADHYA, M. A. AND B. L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 26, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২৬ অক্টোবর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 26, dated the 15th July 1880.

In continuation of circular order (Civil) No. 21, dated the 14th May 1880, the High Court of Judicature is pleased to circulate, for the information and guidance of all District Judges and their subordinates, the accompanying copies of two communications* from the Government of Bengal, from which it will appear that His Honor the Lieutenant-Governor has decided on the exclusive use of Nagri (or Kaithi) in the following portions of the Bhagulpore and Chota Nagpore Divisions :—

* No. 109T, dated 25th June 1880.
" 128T, dated 30th June 1880.

Bhagulpore Division.—In all districts except Maldah and the Sonthal Pergunnahs, from the 1st January 1881.

Chota Nagpore Division.—In the districts of Lohardugga, Hazareebagh, and in the district of Singhbhoom, with the exception of pergunnah Dholbhoom, from the 1st July 1881.

From A. MACKENZIE, ESQ., *Secretary to the Government of Bengal, General and Revenue Departments, to the Registrar of the High Court, Calcutta,—No. 109T, dated Darjeeling, the 25th June 1880.*

In continuation of Mr. Reynolds' letter No. 343, dated the 13th April 1880, on the subject of the character to be used in courts and offices in Behar, I am directed to state, for the information of the Hon'ble Judges of the High Court, that the Lieutenant-Governor has decided that Nagri (or Kaithi) shall be exclusively used from 1st January 1881 in all the districts of the Bhagulpore Division except Maldah and the Sonthal Pergunnahs, in the manner described in the Government Resolution of the 13th April 1880.

From A. MACKENZIE, ESQ., *Secretary to the Government of Bengal, General and Revenue Departments, to the Registrar of the High Court, Calcutta,—No. 128T, dated Darjeeling, the 30th June 1880.*

In continuation of my letter No. 109T, dated the 25th instant, I am directed to state, for the information of the Hon'ble Judges of the High Court, that the Lieutenant-Governor has decided that Nagri (or Kaithi) shall be exclusively used, from 1st July 1881, in all the courts and offices in the districts of Lohardugga, Hazareebagh, and in Singhbhoom, with the exception of pergunnah Dholbhoom.

CIVIL.

No 27, dated the 23rd July 1880.

The Court is pleased to direct that in future no member of the Subordinate Judicial Service who has made a request to be transferred to another appointment shall be entitled to travelling allowance upon any transfer made in pursuance of such request, whether such transfer be to the district mentioned in such request or to any other district.

CIVIL AND CRIMINAL.

No. 28, dated the 29th July 1880.

IN continuation of Circular Order No 22, dated 2nd June 1880, the Court are pleased to direct that when an applicant requires his copies to be furnished on the day of application, an extra fee of one rupee shall be charged on all copies so furnished, to be levied from him in the same manner as the charge for copying, viz. by court-fee stamps. Care, however, is to be taken that other applicants for copies do not materially suffer by the arrangement. If the granting of other copies be much delayed by this rule, an extra hand ought to be told off to furnish their copies.

2. Under ordinary circumstances the time for furnishing the copies required shall not be later than 1 P.M. of the third open day after the presentation of the application.

[*Government Gazette*, 26*th October* 1880.]

বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী।

২৬ নম্বর। ১৮৮০ সাল ১৫ জুলাই।

১৮৮০ সালের ১৪ মে তারিখের ২১ নং দেওয়ানী সরকুলরের অনুক্রমে, হাই কোর্ট জিলার জজ সাহেব সকলের ও তাঁহাদের অধীন কর্ম্মচারিদের অবগতি ও উপদেশ নিমিত্ত বঙ্গদেশের গবর্ণমেণ্টের দুই পত্রের* নিম্নলিখিত প্রতিলিপি প্রচার করিলেন। উহাতে দৃষ্ট হইবে যে, মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভাগলপুর ও ছোট নাগপুর খণ্ডের নিম্নলিখিত অংশে কেবল নাগরী (বা কায়েথী) ব্যবহার করিতে হইবে স্থির করিয়াছেন।

*১৮৮০ সালের ২৫ জুনের ১০৯ T নং পত্র।
১৮৮০ সালের ৩০ জুনের ১২৮ T নং পত্র।

ভাগলপুর খণ্ড।—মালদহ ও সাঁওতাল পরগনা ছাড়া সমুদয় জিলায়, ১৮৮১ সালের ১ জানুয়ারি অবধি।

ছোট নাগপুর।—লোহার ডগা ও হাজারীবাগ জিলায় ও ঢোলভূম পরগনা ছাড়া সিংহভূম জিলায়, ১৮৮১ সালের ১ জুলাই অবধি।

কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের প্রতি জেনরল ও রেবিনিউ ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুক্ত এ, মাকেঞ্জি সাহেবের পত্র।—১০৯ T নং, দার্জিলিঙ্গ, ১৮৮০ সাল ২৫ জুন।

বেহারের আদালত ও আফিস সমূহে যে অক্ষর ব্যবহার করিতে হইবে, তদ্বিষয়ে শ্রীযুক্ত রেনল্ডস সাহেবের ১৮৮০ সালের ১৩ আপ্রিলের ৩৪৩ নং পত্রের অনুক্রমে, আমি আদেশপ্রাপ্ত হইয়া হাই কোর্টের মহামান্য জজ সাহেবদের অবগতির নিমিত্ত প্রকাশ করিতেছি যে, ১৮৮১ সালের ১ জানুয়ারি অবধি মালদহ ও সাঁওতাল পরগনা ছাড়া ভাগলপুর খণ্ডের সমুদয় জিলায় ১৮৮০ সালের ১৩ আপ্রিলের গবর্ণমেণ্ট নিষ্কারণের নির্দ্দিষ্ট প্রকারে কেবল নাগরী (বা কায়েথী) ব্যবহৃত হইবে, শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ইহা স্থির করিয়াছেন।

কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের প্রতি জেনরল ও রেবিনিউ ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী এ, মাকেঞ্জি সাহেবের পত্র।—১২৮ T নং, দার্জিলিঙ্গ, ১৮৮০ সাল ৩০ জুন।

এই মাসের ২৫ তারিখের আমার ১০৯ T নং পত্রের অনুক্রমে, আমি আদেশপ্রাপ্ত হইয়া হাই কোর্টের মহামান্য জজ সাহেবদের অবগতি নিমিত্ত প্রকাশ করিতেছি যে, ১৮৮১ সালের ১ জুলাই অবধি লোহারডগা ও হাজারীবাগ জিলায় ও ঢোলভূম পরগনা ছাড়া সিংহভূম জিলায় আদালত ও আফিস সমূহে কেবল নাগরী (বা কায়েথী) ব্যবহৃত হইবে, শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ইহা স্থির করিয়াছেন।

দেওয়ানী।

২৭ নম্বর। ১৮৮০ সাল ২৩ জুলাই।

কোর্ট আজ্ঞা করিতেছেন যে ভবিষ্যতে সবর্ডিনেট জুডিশাল সর্ব্বিসের কোন ব্যক্তি অন্য পদে বদলী হইবার প্রার্থনা করিলে, ঐ প্রার্থনানুসারে যদি তাঁহার প্রার্থনার উল্লিখিত জিলায় বা অন্য কোন জিলায় তাঁহাকে বদলী করা যায়, তবে তিনি পাথেয় খরচ পাইবার অধিকারী হইবেন না।

দেওয়ানী ও ফৌজদারী।

২৮ নম্বর। ১৮৮০ সাল ২৯ জুলাই।

১৮৮০ সালের ২জুন তারিখের ২২ নং সরকুলরের অনুক্রমে, কোর্ট আজ্ঞা করিতেছেন যে, দরখাস্তকারী দরখাস্তের তারিখেই নকল পাইবার প্রার্থনা করিলে, ঐ রূপে যে সকল নকল দেওয়া যায় তাহার উপর অতিরিক্ত এক টাকা ফী ধরা যাইবে। নকল করিবার খরচ যে প্রকারে আদায় করা যায়, ঐ ফী সেই প্রকারে অর্থাৎ কোর্ট ফী ষ্টাম্প যোগে তাঁহার স্থানে আদায় করা যাইবে। কিন্তু সাবধান হইতে হইবে যেন অন্য নকলপ্রার্থিরা এই বন্দোবস্তদ্বারা বিশেষ ক্ষতিগ্রস্ত না হন। এই বিধানহেতুক অন্য নকল দিতে অনেক বিলম্ব হইলে, ঐ সকল নকল দিবার জন্য অতিরিক্ত লোক নিযুক্ত করিতে হইবে।

২। দরখাস্ত দিবার পর আদালত খোলা থাকিবার তৃতীয় দিবসের বেলা ১টার মধ্যে প্রার্থিত নকল দিবার সময়, সামান্যতঃ ইহার অধিক বিলম্ব হইবে না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৬ অক্টোবর।]

General letter No. 9, dated Calcutta, the 10th July 1880.

From—C. A. WILKINS, ESQ., Officiating Registrar,

To—All District Judges and Judicial Commissioners.

I AM directed to invite your attention to Rule 39 of the Rules dated 2nd May 1866, "for the qualification, admission and enrolment of Pleaders and Mookhtars in Mofussil Courts," and to point out that *Mookhtars* who were admitted to practise in accordance with its provisions, and who have not since passed the prescribed examination, have no authority to appear and practise in any but *Criminal Courts*. It appears that in some districts those Mookhtars have been allowed to take out certificates authorizing them to practise in the Civil Courts as well.

2. I am, therefore, to request that you will be good enough to take such measures as will prevent any such practitioners from practising in any Civil Court in your district; and if any Mookhtar originally admitted under the rule above mentioned has been granted a renewed certificate for the current year without such restriction being specifically mentioned therein, that you will at once recall it, and grant a properly amended certificate in its place.

CIVIL.

No. 29, dated the 12th August 1880.

In modification of the instructions issued by the late Sudder Dewani Court on the 1st July 1861, the Judges are pleased to direct that the summons book and register of suits in all Small Cause Courts be kept in the English language.

2. The form of the register to be used has been slightly altered, with the sanction of the Governor-General in Council, and is now obtainable on indent on the Superintendent of Stationery.

3. The Rule in paragraph 1 above does not apply to officers vested with the powers of a Small Cause Court Judge, under Section 29, Act VI of 1871. Cases decided by these officers will appear in the General Register of Suits.

CIVIL.

No. 30, dated the 26th August 1880.

By desire of the Government of Bengal, the Court are pleased, in continuation of Circular Order No. 19, dated 28th April last, to direct that, where (as in Small Cause Courts, under Circular Order No. 40, dated 2nd October 1866,) the rule requiring the regular transmission of the records of decided cases to the district record-room does not apply, all stamps on the records be punched a second time by some officer of the particular Court as soon as each case is decided.

2. The duty of thus re-punching stamps should in each Court be assigned to some specified officer by written order, which should also indicate the manner in which this duty of re-punching should be performed, *i.e.*, so as not to remove so much of the stamp as to render it impossible or difficult to ascertain its value or nature.

GENERAL LETTER No. 13.

Dated Calcutta, the 30th August 1880.

From—J. CRAWFURD, ESQ., Registrar, High Court,

To—The District Judge of

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

DOUBTS having been expressed as to whether the Rule VI made under clause 1, section 20 of the Court Fees Act, 1870, and issued with circular order No. 2, dated 6th January 1880, admits of charges on account of boat-hire being received from the public in cash, I am directed to inform you that the intention of the rule was that such charges should be levied in court-fee stamps in those districts only where an establishment of boats is maintained by the

[*Government Gazette*, 26*th October* 1880.]

৯ নং সাধারণ পত্র ।

জিলার জজ সাহেব ও জুডিশ্যাল কমিশ্যনর সাহেব সকলের প্রতি ।

কলিকাতা ১৮৮০ সাল ১০ জুলাই ।

হাই কোর্ট ইংলিশ ডিপার্টমেন্ট ।—দেওয়ানী ।

আমি মফঃসল আদালতে উকীল ও মোখ্তারদিগের যোগ্য ও গ্রাহ্য হওনের ও ফর্দ্দে নাম লিখাইবার ১৮৬৬ সালের ২ মে তারিখের বিধির ৩৯ ধারার প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করিয়া ইহা দেখাইয়া দিতে আদেশ প্রাপ্ত হইয়াছি যে, উক্ত ধারার বিধান অনুসারে যে মোখ্তারেরা কর্ম্ম করিতে পায়, তাহারা পরে নির্দ্দিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ না হইয়া থাকিলে, ফৌজদারী আদালত ভিন্ন অন্য কোন আদালতে উপস্থিত হইতে ও কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন নহে। ইহা দেখা যায় যে কোন২ জিলায় এই মোখ্তারদিগকে দেওয়ানী আদালতেও কর্ম্ম করিবার অনুমতিসূচক সর্টিফিকেট লইতে দেওয়া হইয়াছে।

২। এই নিমিত্ত আমি অনুরোধ করিতেছি যে, আপনি এমন উপায় অবলম্বন করিবেন যাহাতে এরূপ কোন ব্যবহারাজীব আপনার জিলার কোন আদালতে কর্ম্ম করিতে না পারে, এবং পূর্ব্বোক্ত ধারামতে যে কোন মোখ্তারকে প্রথমে গ্রহণ করা যায় তাহাকে উক্তরূপ নিয়ম বিশেষ মতে উল্লেখ না করিয়া চলিত সনের নিমিত্ত নূতন করিয়া সর্টিফিকেট দেওয়া গিয়া থাকিলে, আপনি ঐ সর্টিফিকেট ফিরাইয়া লইবেন এবং তৎপরিবর্ত্তে উচিতরূপ সংশোধিত সর্টিফিকেট দিবেন।

জি, এ, উইলকিন্স

এক্টিং রেজিষ্ট্রার ।

দেওয়ানী ।

২৯ নম্বর । ১৮৮০ সাল ১২ আগষ্ট ।

১৮৬০ সালের ১ জুলাই তারিখে ভূতপূর্ব্ব সদর দেওয়ানী আদালত যে আদেশ দেন, তাহা পরিবর্ত্তন করিয়া জজ সাহেবেরা এই আজ্ঞা করিলেন যে, সমুদয় ছোট আদালতে সমনবহী ও মোকদ্দমার রেজিস্টর ইংরাজী ভাষায় রাখিতে হইবে।

২। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণরজেনরেল সাহেবের অনুমতিক্রমে রেজিস্টরের পাঠ কিঞ্চিৎ পরিবর্ত্তন করা গিয়াছে। উহা এক্ষণে ষ্টেশনরীর সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট চাহিলে পাওয়া যাইতে পারিবে।

৩। ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে যে কার্য্যকারকেরা ছোট আদালতের জজের ক্ষমতা পান, তাঁহাদের প্রতি উপরিলিখিত ১ প্রকরণের বিধান বর্ত্তে না। এই কার্য্যকারকেরা যে মোকদ্দমা নিষ্পত্তি করেন তাহা মোকদ্দমার সাধারণ রেজিস্টরী বহীতে দেখা যাইবে

দেওয়ানী ।

৩০ নম্বর । ১৮৮০ সাল ২৬ আগস্ট ।

বঙ্গদেশে গবর্ণমেণ্টের ইচ্ছানুসারে কোর্ট বিগত ২৮ আপ্রেলের ১৯ নং সরক্যুলরের অনুক্রমে এই আজ্ঞা করিলেন যে, (১৮৬৬ সালের ২ অক্টোবরের ৪০নং সরকুলর মতে ছোট আদালতের ন্যায়) যে স্থলে জিলার মোহাফেজখানায় নিষ্পত্তিকৃত মোকদ্দমার নথী নিয়মিতরূপে প্রেরণ করিবার আদেশসূচক বিধান বর্ত্তে না মোকদ্দমার নিষ্পত্তি হইলেই নথীর সমুদয় ইষ্টাম্পে ঐ আদালতের কোন কর্ম্মচারী দ্বিতীয় বার ছেনিদ্বারা ছিদ্র করেন।

২। প্রত্যেক আদালতে লিখিত আজ্ঞা দিয়া কোন নির্দ্দিষ্ট কর্ম্মচারির প্রতি ইষ্টাম্পে পুনর্ব্বার ছেনি দিয়া ছিদ্র করিবার কর্ম্ম অর্পণ করিতে হইবে। কি প্রকারে ছেনি দিয়া পুনর্ব্বার ছিদ্র করিতে হইবে ঐ আজ্ঞাতে তাহারও নির্দ্দেশ থাকিবে, অর্থাৎ ইষ্টাম্প এমন করিয়া কাটিয়া ফেলিতে হইবে না যে উহার মূল্য বা প্রকৃতি নির্ণয় করা অসম্ভব বা কঠিন হয়।

১৩নং সাধারণ পত্র ।

জিলার জজ সাহেব সমীপেষু ।

কলিকাতা, ১৮৮০ সাল ৩১ আগষ্ট ।

হাই কোর্ট ইংলিশ ডিপার্টমেণ্ট । দেওয়ানী ।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২০ ধারার ১ প্রকরণমতে প্রণীত বিধির যে ৬ধারা ১৮৮০ সালের ৬ জানুয়ারি তারিখের ২নং সরকুলরের সহিত প্রচারিত হয় তদনুসারে সাধারণের নিকট যে নৌকা ভাড়া লওয়া যায় তাহা নগদ লওয়া যাইতে পারে কি না এবিষয়ে সন্দেহ ব্যক্ত হওয়াতে, আমি আদেশ প্রাপ্ত হইয়া আপনাকে জানাইতেছি যে, ঐ ধারার উদ্দেশ্য এই, যেখানে পরওয়ানা জারী করিবার নিমিত্ত গবর্ণমেণ্ট নৌকা সরেস্তা রাখেন কেবল সেই সকল জিলায় কোর্ট কা

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮০ । ২৬ অক্টোবর ।]

Government for the purpose of serving processes, and that they should be taken in cash elsewhere. As difficulty, however, is reported to have been caused by the provision of the rule requiring the rates charged for boat-hire in the civil and criminal courts to be the same, the question of revising the rule is now before the Court, and I am to request you to be so good as to submit a report on the following points at your early convenience.

2. The amount of service to be performed by boats in the matter of conveying processes in each district should be easily ascertainable from the experience of past years. It rests with District Judges to arrange for the performance of this service in the manner most convenient to parties and economical to the Government. In some districts the amount of work to be done may be so great as to justify the maintenance, during a part or the whole of the year, of a special boat establishment paid by Government. In others, persons may be found who are willing to arrange by contract for the performance of the service on favourable terms. In others, the cheapest plan may be to hire boats as occasion requires. It is impossible for the Court to lay down strict rules in the matter, to apply to all districts or to all parts of the same district: District Judges must therefore be left to make proper arrangements in the matter on their own responsibility. It is necessary, however, that arrangements should be made to provide funds to meet the expenditure to be incurred in each court.

3. Where fees are levied in cash a fund exists to meet the charges. The Court, however, from matters which have come to its notice, is of opinion that, in the interests of the public, it is advisable that the charges should be levied from them at fixed rates, and collected in court-fee stamps in all cases. It is accordingly proposed to modify the rule as follows ;—

"In those districts, or parts of districts, entered in the subjoined table, during such months as are mentioned against each, a fee amounting to 25 per cent. of the fees chargeable under the foregoing rules shall be levied by way of boat-hire in respect of all processes issued by the Courts, whether or not any charge is actually incurred in the particular case on this account; provided always that no such charge shall be made in respect of process served within the Court itself:—

District.	Part of district.	Period of the year during which boat-hire is to be levied

4. I am now to enquire in what portions of your district, if any, and during what period of the year, you think that boat-hire should be charged; and what, in the event of the above rule being adopted, the probable receipts in your district on this account would be. Further, I am to ask what is the nature of the arrangements you propose to make in your district for boat service, and what the estimated annual cost will be. You should further state in what courts in your district it is necessary that a permanent advance should be allowed to the presiding officer in order to meet charges on account of boat-hire, and what the amount allowed should be.

5. Pending a final settlement of the question, I am to request that, in case the rates adopted by the criminal courts in your district be found unsuited to the civil courts, you will prescribe, for temporary use by the latter, such modified scale as may cover the necessary expenses to be incurred in your district.

[*Government Gazette*, 26*th October* 1880.]

মাগে ঐ খরচ আদায় করা যাইবে; অন্যত্র নগদ লইতে হইবে। কিন্তু দেওয়ানী ও ফৌজদারী আদালতে একই হারে নৌকা ভাড়া ধরিবার আদেশসূচক বিধান ঐ ধারায় থাকাতে অসুবিধা ঘটিবার রিপোর্ট হওয়ায়, ঐ ধারা সংশোধন করিবার কথা কোর্টের বিবেচনাধীন আছে, এবং আপনার সুবিধামতে যতশীঘ্র পারেন আপনি নিম্নলিখিত বিষয় সম্বন্ধে রিপোর্ট পাঠাইবেন, এই আমার অনুরোধ।

২। প্রত্যেক জিলায় পরওয়ানা লইয়া যাওয়া সম্বন্ধে নৌকাদ্বারা কি পরিমাণ কার্য্য হইবে গত এক বৎসরের অভিজ্ঞতা হইতে তাহা সহজে নির্ণয় করা যাইতে পারিবে। জিলার জজ সাহেবেরা এই কর্ম্ম সম্পাদনের এইরূপ বন্দোবস্ত করিবেন যাহাতে উভয় পক্ষের অত্যন্ত সুবিধা ও গবর্ণমেণ্টের অতি কম ব্যয় হয়। কোন২ জিলায় যে পরিমাণ কার্য্য করিতে হইবে তাহা এত অধিক হইতে পারে যে সমস্ত বৎসর বা বৎসরের কিয়ৎকাল বেতন দিয়া গবর্ণমেণ্টের বিশেষ নৌকাসেরেস্তা রাখা যুক্তিসিদ্ধ হইতে পারে। অন্য স্থলে, এমন ব্যক্তিদিগকে পাওয়া যাইতে পারে যাঁহারা চুক্তি করিয়া সুবিধামত নিয়মে ঐ কর্ম্মসম্পাদন করিবার বন্দোবস্ত করিতে অভিলাষী। অপর স্থলে প্রয়োজনমতে নৌকা ভাড়া করাই সর্ব্বাপেক্ষা সুলভ প্রণালী হইতে পারে। কোর্টের পক্ষে এবিষয়ে এমন কোন বাঁধা নিয়ম করিয়া দেওয় অসম্ভব, যাহা সকল জিলায় বা একই জিলার সকল অংশে খাটিতে পারে। এনিমিত্ত জিলার জজ সাহেবেরা আপনারাই দায়িত্ব গ্রহণ করিয়া এবিষয়ে উপযুক্ত বন্দোবস্ত করিবেন। কিন্তু প্রত্যেক আদালতে যে খরচ পড়ে তাহার সঙ্কুলান করিবার নিমিত্ত টাকা যোগাইবার বন্দোবস্ত করা আবশ্যক।

৩। যে খানে নগদ ফী আদায় হয়, খরচ সঙ্কুলানের টাকা আছে। কিন্তু যাহা জানিয়াছেন তাহাতে কোর্টের মত এই, সাধারণের স্বার্থ নিমিত্ত ইহা পরামর্শসিদ্ধ যে, সকল স্থলেই খরচ ফী হইতে নির্দ্দিষ্ট হারে লওয়া হয় এবং কোর্ট ফী যোগে আদায় করা হয়। এই নিমিত্ত উক্ত বিধি নিম্নলিখিতমতে পরিবর্ত্তন করিবার প্রস্তাব করা গেল।

"নিম্নলিখিত টেবিলে যে২ জিলার বা জিলার অংশের নাম লেখা আছে প্রত্যেকের পার্শ্বলিখিত মাসে, সেই২ জিলায় বা জিলার অংশে পর্ব্ব২ ধারামতে যত ফী ধরা যাইতে পারে তাহার শতকরা ২৫ ভাগ আদালতের পরওয়ানা সম্বন্ধীয় নৌকাভাড়াস্বরূপ আদায় করা যাইবে স্থলবিশেষ এই হিসাবে কোন খরচ বাস্তবিক লাগুক বা নাই লাগুক। কিন্তু আদালতের মধ্যে যে পরওয়ানা জারী করা যায়, তৎসম্বন্ধে কোন খরচ ধরা যাইবে না।

জিলা।	জিলার অংশ।	বৎসরের যে সময়ে নৌকা ভাড়া লইতে হইবে।

৪। এক্ষণে আমার জিজ্ঞাসা এই, আপনার জিলার মধ্যে যদি কোন অংশ থাকে কোন্২ অংশে, এবং বৎসরের কোন্ সময়ে, আপনার বিবেচনায় নৌকাভাড়া ধরা উচিত, এবং উক্ত বিধি অবলম্বিত হইলে, আপনার জিলায় এই হিসাবে কি পরিমাণ আয় হইতে পারে। আমার আর জিজ্ঞাসা এই, আপনার জিলায় আপনি নৌকার কর্ম্মের কি প্রকার বন্দোবস্ত করিতে চাহেন, এবং ইহাতে অনুমান কত টাকা বার্ষিক ব্যয় হইবে। আপনি আরো লিখিবেন, আপনার জিলার কোন্২ আদালতে নৌকাভাড়ার খরচ নিমিত্ত অধ্যক্ষতাপ্রাপ্ত কার্য্যকারককে অগ্রিম টাকা দেওয়া আবশ্যক হইবে, এবং কত টাকা দিতে হইবে।

৫। যাবৎ এই প্রশ্নের চূড়ান্ত মীমাংসা না হয়, আমার অনুরোধ এই যে, আপনার জিলার ফৌজদারী আদালতের অবলম্বিত হার দেওয়ানী আদালতের অনুপযোগী দৃষ্ট হইলে, আপনি শেষোক্ত আদালতের ব্যবহারার্থ এরূপ পরিবর্ত্তিত হার নির্দ্দেশ করিবেন যাহাতে আপনার জিলার আবশ্যক ব্যয় সঙ্কুলান হয়।

জে, ক্রাফোর্ড,
রেজিষ্ট্রার।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L. *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 2, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২ নবেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MAY 1880.

HON'BLE H. L. DAMPIER.

No. 1.

CERTAIN defects having been found in the series of financial statements C, D, E, and F prescribed by rule 5, section V, page 9 of the rules for the guidance of officers in the administration of Wards' and Attached Estates, the Board direct the substitution in their place of the revised forms annexed.

APPENDIX C.

[*See Section* V, *Rule* 5.]

STATEMENT No. I.—SHOWING THE ORDINARY SURPLUS OF ASSETS OVER EXPENDITURE.

1	2	3	4	5	6	7	8	9
YEAR	Estimated ordinary annually recurring receipts.	Estimated extra-ordinary receipts (*i.e.* not of annual recurrence) which can be anticipated to fall in any year, such as expected repayment of a debt to the estate	Total of columns 2 and 3.	Estimated ordinary annually recurring disbursements (as per headings covered by the sanctioned scheme specified in rule 3, sec. VI, p. 15 of the rules.)	Estimated extraordinary disbursements *other than repayment of debts*, which can be anticipated to fall in any year.	Total of columns 5 and 6	Net surplus available, column 4—column 7	REMARKS
	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	
1879-80	2,000	87	2,087	1,500	...	1,500	587	
1880-81	2,147*	70	2,217	1,500	...	1,500	717	* Increase on account of resettlements and extension of cultivation.
1881-82	2,147	.....	2,147	1,500	.....	1,500	647	
1882-83	2,147	....	2,147	1,500	:	1,500	647	
1883-84	2,147	......	2,147	1,550†	....	1,550	597	† Increase on account of charges for management of the lands freed by payment of the usufructuary mortgages.
1884-85	2,147	200	2,347	1,550	.	1,550	797	

NOTE.—(*a*) The assets of lands which are held by others under usufructuary mortgages should not be included in this statement.

(*b*) The amount included in column 2 as estimated receipts of the year on account of rent should be calculated at only 95 per cent. of the demand allowing 5 per cent. for bad debts. In the estimate of disbursements in column 5, 5 per cent. should be added for unforeseen contingencies.

(*c*) The annual receipts and disbursements should be given in a lump in columns 2 and 5 respectively, the details being furnished for the first year only on the reverse of the statement. Any increase or decrease in the annual receipts (column 2) or in the annual disbursements (column 5) in any subsequent year should be briefly explained in column 9.

(*d*) The surplus in column 8 will be available for payment of debts or, if the estate is clear from debt, for investment

রাজস্ব বিষয়ক সরকুলার।

১৮৮০ সাল মে মাস।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

১ নম্বর।

রাজানুপালিত ও ক্রোককৃত মহালের কার্য্যনির্ব্বাহার্থ কার্য্যকারকদের কার্য্যপদ্ধতিপ্রদর্শক বিধির ৯ পৃষ্ঠায় ৫ পরিচ্ছেদের ৫ ধারামতে নির্দ্দিষ্ট C, D, E, ও, F চিহ্নিত রাজস্ববিষয়ক বর্ণনাপত্রমালায় কোন ২ দোষ দৃষ্ট হওয়াতে, বোর্ড তাহাদের পরিবর্ত্তে এতৎসংযুক্ত সংশোধিত পাঠ দিবার আদেশ করিলেন।

C চিহ্নিত ক্রোড়পত্র।

(৫ পরিচ্ছেদের ৫ ধারা দেখ।)

১ নং বর্ণনাপত্র।—ব্যয় বাদে আয়ের নিয়মিত উদ্বর্ত্ত ইহাতে দেখাইতে হইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
বৎসর।	আনুমানিক নিয়মিত বার্ষিক আয়।	বার্ষিক মতে, এরূপ অতিরিক্ত আয়, যাহা কোন বৎসর হইবে বলিয়া প্রত্যাশা করা যায়, যথা মহালের পতিত জমির আবাদ প্রভৃতি।	২ ও ৩ ঘরের মোট।	বিধির ১১ পৃষ্ঠায় ৬ পরিচ্ছেদের ১৩ ধারার নির্দ্দিষ্ট অনুমোদিত কল্পনাপত্রের (তিন বর্ষীয়ক্রমে) আনুমানিক বার্ষিক ব্যয়।	ঋণপরিশোধ ভিন্ন অন্য যে অতিরিক্ত ব্যয় কোন বৎসর হইবার সম্ভাবনা।	৫ ও ৬ ঘরের মোট।	নিট উদ্বর্ত্ত যত টাকা থাকে, ৪ ঘর—৭ ঘর।	বৎসর।
	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	* নূতন বন্দোবস্ত ও আবাদ বৃদ্ধি হওয়াতে বৃদ্ধি হইয়াছে। † খাইখালাসী বন্ধকের টাকা শোধ হওয়াতে মুক্ত ভূমির কার্য্যনির্ব্বাহার্থে খরচ নিমিত্ত বৃদ্ধি।
৯—৮০ ...	২,০০০	৮৭	২,০৮৭	১,৫০০	...	১,৫০০	৫৮৭	
০—৮১ ...	২,১৪৭ *	৭০	২,২১৭	১,৫০০	...	১,৫০০	৭১৭	
১—৮২ ...	২,১৪৭	...	২,১৪৭	১,৫০০	...	১,৫০০	৬৪৭	
১—৮৩ ...	২,১৪৭	...	২,১৪৭	১,৫০০	...	১,৫০০	৬৪৭	
৩—৮৪ ...	২,১৪৭	..	২,১৪৭	১,৫৫০ †	...	১,৫৫০	৫৯৭	
৪—৮৫ ...	২,১৪৭	২০০	২,৩৪৭	১,৫৫০	...	১,৫৫০	৭৯৭	

দ্রষ্টব্য।—(ক) খাইখালাসী বন্ধকক্রমে অন্যে যে ভূমির উৎপন্ন ভোগ করে, তাহা এই বর্ণনাপত্র মধ্যে ধরিতে হইবে না।

(খ) খাজানার হিসাবে বৎসরের আনুমানিক আয় মধ্যে ২ ঘরে যত টাকা ধরা যায়, তাহা তলবের শতকরা ৯৫ ভাগ মাত্র হইবে, অপ্রাপ্য ঋণ হিসাবে শতকরা ৫ টাকা বাদ রাখিতে হইবে। ৫ ঘরে ব্যয়ের অনুমান করিতে গিয়া, অদৃষ্টপূর্ব্ব ঘটনা নিবন্ধন শত- টাকা যোগ করিতে হইবে।

(গ) মোট আয় ও ব্যয় যথাক্রমে ২ ও ৫ ঘরে দিতে হইবে, প্রথম বৎসর কোন বর্ণনাপত্রের অপর পৃষ্ঠে বিস্তারিত বিবরণ দেওয়া ।। পরে কোন বৎসরে (২ ঘরে) বার্ষিক আয়ের বা (৫ঘরে) বার্ষিক ব্যয়ের কোন বৃদ্ধি বা হ্রাস হইলে তাহা সংক্ষেপে ৯ ঘরে ব্যাখ্যা হইবে।

(ঘ) ৮ ঘরের উদ্বর্ত্ত টাকা ঋণ পরিশোধার্থে, অথবা মহাল ঋণমুক্ত থাকিলে কোম্পানির কাগজ প্রভৃতি ক্রয়নিমিত্ত প্রয়োগ করা ত পারিবে।

[র্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২ নবেম্বর।]

APPENDIX D.

[*See Section V, Rule 5.*]

STATEMENT No. II.—SHOWING DEBTS WHICH ARE COVERED BY USUFRUCTUARY MORTGAGES AND THE YEAR BY WHICH THEY WILL PAID OFF OUT OF THE USUFRUCTUARY MORTGAGES.

1	2	3	4	5	6
Year in which land will be set free by clearance of the debt secured.	Amount of debt.	Amount of assets set free.	Add former available surplus as shown in column 8 of statement No. I.	Surplus available (column 3 plus column 4) in year in column 1	REMARKS.
	Rs.	Rs.	Rs.	Rs.	
1879-80	78	13	587	587 + 13 = 600	
1880-81	300	40	717 + 13 = 730	730 + 40 = 770	
1881-82	....	....	647 + 53 = 700	700	
1882-83	2,205	500	647 + 53 = 700	700 + 500 = 1,200	
1883-84	....	....	597 + 553 = 1,150	1,150	
1884-85	....	....	797 + 553 = 1,350	1,350	

NOTE.—The debts in column 2 should be given in the order of the year in which they will be extinguished.

APPENDIX E.

[*See Section V, Rule 5.*]

STATEMENT No. III.—SHOWING DEBTS NOT SECURED BY USUFRUCTUARY MORTGAGE, *with interest due to date, and also the interest annually accruing* ON THE PRINCIPAL.

1	2	3	4	5	6	7
YEAR.	Name of person to whom debt is due.	Amount of debt due to each person.	Percentage of interest on debt due to each person and annual amount thereof calculated on column 3.	Interest due up to the beginning of the year of report.	Total of columns 4 and 5.	REMARKS.
		Rs.	Rs.	Rs.	Rs.	
1879-80	Baboo Bepin Behari Mullick...	1,000	10 per cent. ... 100	50	150	
	Nundy Put Mahato	500	10 per cent. ... 50	25	75	
	Chummun Chaudhari ..	500	10 per cent. ... 50	25	75	
	Total of 1879-80 ...	2,000	200	100	300	
1880-81	Govind Ram	1,000	8 per cent. ... 80	160	240	
	Dowlut Khan	400	10 ,, ... 40	40	80	
	Total of 1880-81 ...	1,400	120	200	320	
1881-82 ... / 1882-83 ...	Nil.	Nil.	Nil.	Nil.	Nil.	
1883-84	Saligram Singh	500	12 per cent. ... 60	240	300	

NOTE.—In column 2, under the first year shown in the statement, enter in detail each debt of which payment has already become due, or will become due by end of that year. Under each subsequent year enter only such debts as will become payable during the year.

D চিহ্নিত ক্রোড়পত্র।

(৫ পরিচ্ছেদের ৫ ধারা দেখ।)

২ নং বর্ণনাপত্র।—যে সকল ঋণের নিমিত্ত খাইখালাসী বন্ধক আছে এবং যে বৎসর খাইখালাসী বন্ধক ক্রমে তাহা পরিশোধ হইবে, ইহাতে দেখাইতে হইবে।

১	২	৩	৪	৫	৬
যে ঋণের প্রতিভূ আছে, সেই ঋণ শোধ হওয়াতে যে বৎসর ভূমি মুক্ত হইবে।	ঋণের পরিমাণ।	যে পরিমাণ আয় মুক্ত হইল।	১ নং বর্ণনাপত্রের ৮ ঘরে প্রদর্শিত পূর্ব্বের যে উদ্বর্ত্ত থাকে তাহা যোগ কর।	১ ঘরের নির্দ্দিষ্ট বৎসরে যে উদ্বর্ত্ত থাকে (৩ ও ৪ ঘরের সমষ্টি)	মন্তব্য।
	টাকা।	টাকা।	টাকা।	টাকা।	
১৮৭৯-৮০	৭৮	১৩	৫৮৭	৫৮৭+১৩=৬০০	
১৮৮০-৮১	৩০০	৪০	৭১৭+১৩=৭৩০	৭৩০+৪০=৭৭০	
১৮৮১-৮২	...	...	৬৪৭+১৩=৭০০	৭০০	
১৮৮২-৮৩	২,৯০৫	৫০০	৬৪৭+৫৩=৭০০	৭০০+৫০০=১২০০	
১৮৮৩-৮৪	...	...	৫৯৭+৫৫৩=১,১৫০	১,১৫০	
১৮৮৪-৮৫	...	...	৭৯৭+৫৫৩=১,৩৫০	১,৩৫০	

মন্তব্য।—যে বৎসর যে ঋণ শোধ হইবে, সেই বৎসরের ক্রমানুসারে ঋণগুলি ২ ঘরে দিতে হইবে।

E চিহ্নিত ক্রোড়পত্র।

(৫ পরিচ্ছেদের ৫ ধারা দেখ।)

৩ নং বর্ণনাপত্র।—যে ঋণের নিমিত্ত খাইখালাসী বন্ধক নাই, তাহার আসল টাকার উপর এই তারিখ পর্য্যন্ত যত সুদ হইয়াছে ও বৎসরে যে সুদ হয়, ইহাতে দেখাইতে হইবে।

১	২	৩	৪	৫	৬	৭
বৎসর।	যে ব্যক্তির নিকট ঋণ করা হইয়াছে তাঁহার নাম।	প্রত্যেক ব্যক্তির প্রাপ্য ঋণের পরিমাণ।	প্রত্যেক ব্যক্তির প্রাপ্য ঋণের টাকার উপর শতকরা যে হিসাবে সুদ ও ৩ ঘরের টাকা ধরিয়া বার্ষিক যত টাকা দিতে হয়।	রিপোর্টের বৎসরের প্রারম্ভ পর্য্যন্ত যত সুদ দেনা ছিল।	৪ ও ৫ ঘরের মোট।	মন্তব্য।
		টাকা	টাকা	টাকা	টাকা	
১৮৭৯—৮০ ...	বাবু বিপিনবিহারী মল্লিক	১,০০০	শতকরা ১০ টাকা ১০০	৫০	১৫০	
	মন্মথপুত্র মহাতা	৫০০	৫০	২৫	৭৫	
	চমন চৌধুরী।	৫০০	৫০	২৫	৭৫	
	১৮৭৯-৮০ সালের মোট	২,০০০ ..	২০০	১০০	৩০০	
১৮৮০—৮১ ...	গোবিন্দরাম ...	১০০০ ...	শতকরা ৮ টাকা ৮০	১৬০	২৪০	
	দৌলত খাঁ ..	৪০০ ...	" ১০ " ... ৪০	৪০	৮০	
	১৮৮০-৮১ সালের মোট	১,৪০০ ..	১২০	২০০	৩২০	
৮৮১—৮২ } ৮৮২—৮৩ }	নাই।	নাই	নাই	নাই	নাই	
৮৮৩—৮৪ ...	লক্ষ্মীরাম সিংহ ..	৫০০ ..	শতকরা ১২ টাকা ৬০	২৪০	৩০০	

মন্তব্য।—বর্ণনাপত্রের ১ ঘরে প্রথম যে বৎসর দেখান যায় সেই বৎসরের নিম্নে যে ঋণের টাকা দেয় হইয়াছে বা বৎসর শেষ হইলে দেয় হইবে, সেই ঋণের বিস্তারিত বিবরণ লিখ। পরবর্ত্তী যে বৎসর যে ঋণের টাকা দেয় হয় সেই বৎসরের নিম্নে কেবল সেই ঋণের টাকা [গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২ নবেম্বর।]

No. 2.

In Return No. IX when an abatement is shown on account of redemption of land revenue, District Officers are requested to show in the column of remarks the amount of redemption money realized during the quarter and credited in the treasury accounts, and to add a certificate that the amount shown in the return agrees with the total credited in the Treasury Accounts of the three months of the quarter, viz :—

January	...	..	...	...	Rs.
February	...	...	...	...	"
March	...	...	...	...	"
			Total Rs.	...	

2. With regard to the Estates' Improvement Fund, District Officers are requested to annex a statement in the following form to Table IV of Return No. X for the last quarter of the year :—

Estates' Improvement Fund.

Revenue subject to deduction for fund during the current year	Estimated demand of contribution during the year. Balance unrealized at close of the past year. Arrear	3 per cent. on column 1 Current.	Total of columns 2 and 3.	Actual receipts of year as shown in the four quarterly Returns No. X. Arrear	Current	Total	Difference being unrealized balance between columns 4 and 7.	Explanation of column 8, specifying the actual amount of revenue paid in and on which the payments in column 6 were calculated.
1	2	3	4	5	6	7	8	
(a)								

(a) This column should be filled in from the list prepared in the Collector's office under clause 4, section V, page 87 of the Board's Rules. The entry will correspond with the entry opposite item 1 in the budget estimate form given on page 90 of the Board's Rules which is sent in at the beginning of the year

[*Government Gazette*, 2nd *November* 1880.]

২ নম্বর।

ভূমির রাজস্ব মুক্ত করিয়া লওয়াতে ৯ নং রিটর্ণে কমতি দেখান গেলে, জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি আদেশ করা যাইতেছে যে তাঁহারা মন্তব্যের ঘরে ঐ ত্রৈমাস মধ্যে রাজস্বমুক্তির নিমিত্ত যত টাকা আদায় হইয়া খাজানাখানার হিসাবে জমা হইয়াছে তাহা দেখান এবং এই মর্ম্মের সর্টিফিকেট সংযোগ করেন যে, রিটর্ণে যে টাকা দেখান গেল তাহা ঐ তিনমাসে খাজানাখানার হিসাবে জমা করা মোট টাকার সহিত মিলে, যথা,

	টাকা
জানুয়ারি	
ফেব্রুয়ারি	”
মার্চ	”
মোট টাকা	

২। মহালের উৎকর্ষসাধন তহবীল সম্বন্ধে, জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি আদেশ করা যাইতেছে যে তাঁহারা বৎসরের শেষ ত্রৈমাসের ১০ নং রিটর্ণের ৪ নং টেবিলে নিম্নলিখিত পাঠে একটি বর্ণনাপত্র সংযোগ করেন।

মহালের উৎকর্ষসাধন তহবীল।

চলিত সনে এই তহবীলের নিমিত্ত যে রাজস্ব হইতে টাকা কাটিয়া লওয়া যাইতে পারিবে।	বৎসরের মধ্যে আমুকূল্যের আনুমানিক তলব। গত বৎসরের শেষে অনাদায়ী বাকী।	১ ঘরের টাকার উপর শতকরা ৩ টাকা।	২ ও ৩ ঘরের মোট।	চারিখ ও ১০নং ত্রৈমাসিক রিটর্ণে দর্শিত বৎসরের প্রকৃত আয়। বকেয়া।	হাল।	মোট।	অনাদায়ী বাকী। ৪ ঘর হইতে ৭ ঘর বাদ দিলে যাহা হয়।	প্রকৃত প্রস্তাবে যত টাকা খাজনা আদায় হইয়াছে এবং যাহা ধরিয়া ১ঘরের টাকার হিসাব করা গিয়াছে তাহা নির্দেশপূর্ব্বক ৮ঘরের ব্যাখ্যা।
	বাকেয়া।	হাল						
১	২	৩	৪	৫	৬	৭	৮	
(ক)								

(ক) বোর্ডের বিধিপুস্তকের ৮৭ পৃষ্ঠার ৫ পরিচ্ছেদের ৪ ধারামতে কালেক্টর সাহেবের আফিসে যে ফর্দ্দ প্রস্তুত করা যায় এই ঘর তাহা হইতে পূরণ করিতে হইবে। বোর্ডের বিধিপুস্তকের ৯০ পৃষ্ঠার আয়ব্যয়ের অনুমানপত্রের যে পাঠ বৎসরের প্রারম্ভে পাঠাইতে হয়, তাহার ১ দফার পার্শ্বে যে লেখা থাকে, তাহার সহিত এই লেখা মিলিবে।

3. **As under the new Waste Land Lease Rules leases will be sold in auction in Chittagong and Sunderbuns, the Collector of Chittagong and the Commissioner of the Sunderbuns are requested to furnish, in connection with Table XV of Return No. XLI for each year, the following information:—**

Number of leases sold by auction.	Amount for which sold.	Amount credited in treasury account of year.	Explanation of difference between columns 2 and 3.
1	2	3	4

No. 3.

Collectors and Deputy Commissioners of districts in which survey and settlement operations are in progress, or may hereafter be taken up under the orders of the Board, are reminded that their programmes and schemes of field operations should be submitted to the Board through the Commissioner of the Division in time to obtain the orders of the Board in or before the month of October of each year.

2. Important operations have sometimes to be postponed for no other reason than delay on the part of local officers in submitting their programmes of field work. Commissioners of Divisions are therefore requested to see that these orders are carefully attended to, as the loss of a season or even part of a season in important operations may involve a heavy loss of Government revenue.

No 4.

Divisional and district officers are informed that charges debitable against 16, *Administration, General management of Wards' and Attached Estates*, should in future be drawn on the ordinary prescribed forms of Establishment Bill, Travelling Allowance Bill, and Abstract Contingent Bill.

2 The forms are numbered A. G B 188 (new) and 192 (new), and are obtainable on indent from the Superintendent of Stationery.

Circular order No 9 of November 1873.
Ditto ditto „ 1 of February 1874.
Ditto ditto „ 1 of June 1876

3. The Board's circular orders noted on the margin are hereby cancelled.

C T Buckland, Esq.

No. 5.

From the reports received by the Board, it appears that, in compliance with the orders conveyed in Circular Order No. 11 of February 1879, the number of licensed stamp vendors in the Lower Provinces has been increased from 2,461 to 3,047.

The greater part of the new licenses were granted in the Presidency, Dacca, Rajshahye, and Burdwan Divisions, and the returns show that there is now very nearly an average of four vendors for each Rs. 10,000 worth of stamps sold in almost every district in these divisions

[*Government Gazette, 2nd November* 1880.]

৩। পতিত ভূমির পাট্টা দিবার নূতন বিধিবলে চট্টগ্রামে ও সুন্দরবনে পাট্টা নীলামে ধরিয়া বিক্রয় করা যাইবে বলিয়া, চট্টগ্রামের কালেক্টর সাহেবের ও সুন্দরবনের কমিশ্যনর সাহেবের প্রতি আদেশ করা যাইতেছে যে তাঁহারা প্রত্যেক বৎসরের ৪১ নং রিটর্ণের ১৫ নং টেবিলের সহিত নিম্নলিখিত বিবরণ দিবেন।—

নীলামে ধরিয়া যত পাট্টা বিক্রয় করা গেল।	যত টাকায় বিক্রয় হইল।	বৎসরের খাজানাখানার হিসাবে যত টাকা জমা দেওয়া গেল।	২ ও ৩ ঘরে প্রভেদ থাকিলে তাহার ব্যাখ্যা।
১	২	৩	৪

৩ নম্বর।

যেং জিলায় জরীপ ও বন্দোবস্ত কার্য্য চলিতেছে, বা বোর্ডের আজ্ঞাক্রমে পরে আরম্ভ করা যায়, সেইং জিলার কালেক্টর ও ডেপুটী কমিশ্যনর সাহেবদিগকে স্মরণ করাইয়া দেওয়া যাইতেছে যে, তাঁহাদের ক্ষেত্রকার্য্যের বিবরণপত্র ও কল্পনাপত্র খণ্ডের কমিশ্যনর সাহেবদ্বারা এমন সময়ে বোর্ডে পাঠাইতে হইবে যে প্রত্যেক বৎসর অক্টোবর মাসে বা তৎপূর্ব্বে বোর্ডের আজ্ঞা পাইতে পারেন।

২। অন্য কারণ না থাকিলেও, স্থানীয় কর্ত্তৃপক্ষেরা আপনাদের ক্ষেত্রকার্য্যের বিবরণপত্র পাঠাইতে বিলম্ব করায়, কখনং প্রয়োজনীয় কার্য্য স্থগিত রাখিতে হইয়াছে। এই নিমিত্ত খণ্ডের কমিশ্যনর সাহেবদের প্রতি আদেশ করা যাইতেছে যে, তাঁহারা দেখিবেন যেন এই সকল আজ্ঞা সাবধানে পালিত হয়, কারণ প্রয়োজনীয় কার্য্যে এক মর্সুম, এমন কি এক মর্সুমের কিয়দংশ, বৃথা গেলেও, গবর্ণমেন্টের রাজস্বের গুরুতর ক্ষতি হইবার সম্ভাবনা।

৪ নম্বর।

দেশখণ্ডের ও জিলার কর্ত্তৃপক্ষদিগকে জানান যাইতেছে যে কার্য্য নির্ব্বাহ সংক্রান্ত রাজানুপালিত ও ক্রোককৃত মহালের সাধারণ কার্য্যাধ্যক্ষতা বিষয়ক ১৬ দফায় যে খরচ ধরা যায়, তাহা ভবিষ্যতে সেরেস্তা, পাথেয় ও সংশ্লিষ্ট নৈমিত্তিক খরচের বিলের প্রচলিত নির্দ্দিষ্ট পাঠে বিল করিয়া লইতে হইবে।

২। ঐ পাঠ গুলি *A G B* ১৮৮ (নূতন) ও ১৯২ (নূতন) এইরূপে চিহ্নিত এবং ষ্টেশনরী সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে চাহিলে পাওয়া যাইবে।

৩। পার্শ্বলিখিত বোর্ডের সরক্যুলর অর্ডর গুলি এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭· সালের নবেম্বর মাসের ৯ নং।
১৮৭৪ সালের ফেব্রুয়ারি মাসের ১ নং।
১৮৭৬ সালের জুন মাসের ১ নং।

শ্রীযুত সি, টি, বক্লাণ্ড সাহেব।

৫ নম্বর।

বোর্ড যে সকল রিপোর্ট পাইয়াছেন, তাহাতে দেখা যায় যে, ১৮৭৯ সালের ফেব্রুয়ারি মাসের ১১ নং সরক্যুলরের আজ্ঞানুসারে নিম্ন বঙ্গপ্রদেশের লাইসেন্সপ্রাপ্ত ইষ্টাম্প বিক্রেতাদের সংখ্যা ২,৪৬১ হইতে বর্দ্ধিত হইয়া ৩,০৪৭ হইয়াছে।

অধিকাংশ নূতন লাইসেন্সই রাজধানী, ঢাকা, রাজশাহী ও বর্দ্ধমান খণ্ডে প্রদত্ত হয়, এবং রিটর্ণে দেখা যায় যে এই সকল খণ্ডের প্রায় প্রত্যেক জিলায় ১০,০০০ টাকা মূল্যের ইষ্টাম্প বিক্রয়ের নিমিত্ত এক্ষণে প্রায় গড়ে চারি জন করিয়া বিক্রেতা আছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২ নবেম্বর।

It is obvious that much convenience must have been afforded to the public by the very considerable increase in the number of vendors of stamps in these divisions.

In the Patna and Bhagulpore Divisions, the Board regret to observe that a sufficient increase in the number of stamp vendors has not been made, and that practically a sort of monopoly still exists in the hands of a few favoured individuals, who are usually connected with the native officials of the different courts in the districts of Patna, Gya, Shahabad, Mozufferpore, Durbhunga, Chumparun, Bhagulpore, and Purneah; as also in Lohardugga and Julpigoree. Early measures should be taken to license additional vendors wherever it may conduce to the convenience of the public. The Board desire that a report may be submitted by the officers in charge of the districts mentioned, showing the progress made by them in carrying out the Board's wishes up to the 31st December 1880.

No. 6.

THE following additions should be made in clause 1, section VII, page 22 of the revised edition of the rules for the guidance of officers engaged in the administration of the Salt Department:—

Between the words "and" and "the" in line No. 2, insert the words "half-yearly return showing."

Between the words "quarter" and "so" in line 11, insert the words "and half-year;" and between the words "to" and "the" in line 13, insert the words "the Board and."

[*Government Gazette*, *2nd November* 1880.]

ইহা স্পষ্টই বুঝা যাইতেছে যে, এই সকল খণ্ডে ইষ্টাম্প বিক্রেতাদের সংখ্যা এত অধিক পরিমাণে বর্দ্ধিত হওয়াতে সর্ব্বসাধারণের অনেক সুবিধা হইয়া থাকিবে ।

বোর্ড ইহা দেখিয়া দুঃখিত হইয়াছেন যে পাটনা ও ভাগলপুর খণ্ডে ইষ্টাম্প বিক্রেতাদের সংখ্যা প্রচুর পরিমাণে বর্দ্ধিত হয় নাই এবং পাটনা, গয়া, শাহাবাদ, মজঃফরপুর, দ্বারভাঙ্গা, চম্পারণ, ভাগলপুর ও পূর্ণিয়া জিলার ভিন্ন২ আদালতের দেশীয় কর্ম্মচারিদের সহিত সাধারণতঃ সম্পর্কযুক্ত কয়েক অনুগৃহীত ব্যক্তির হস্তে এখনও কার্য্যতঃ একরকম এক চেটিয়া ব্যবসায় রহিয়াছে। লোহারডগা ও জলপাইগুড়িতেও ঐরূপ আছে। যেকোন স্থলে সাধারণের সুবিধা হইতে পারে, অতিরিক্ত বিক্রেতাদিগকে লাইসেন্স দিবার নিমিত্ত শীঘ্র উপায় অবলম্বন করিতে হইবে। বোর্ড এই চাহেন, যে২ কার্য্যকারকের প্রতি ঐ২ জিলার অধ্যক্ষতাভার আছে, তাঁহারা ১৮৮০ সালের ৩১ ডিসেম্বর পর্য্যন্ত বোর্ডের ইচ্ছা কতদূর ফলবতী করিয়াছেন তাহা বর্ণনা করিয়া রিপোর্ট পাঠাইবেন ।

---

৬ নম্বর ।

লবণসম্পর্কীয় কার্য্য বিভাগের কর্তৃত্ব কার্য্যে নিযুক্ত কার্য্যকারকদের কার্য্য পদ্ধতি প্রদর্শনার্থ বিধির নূতন সংস্করণের ২২ পৃষ্ঠায় ৭ পরিচ্ছেদের ১ ধারায় নিম্নলিখিত কথাগুলি সংযোগ করিতে হইবে ।—

২ পংক্তিতে "ফল" শব্দের পর "প্রদর্শক ষাণ্মাসিক রিটর্ণ" এই কথা দিতে হইবে ।

১১ পংক্তিতে "ত্রৈমাসে" শব্দের পর "ও ছয়মাসে" এই কথা, এবং ১৩ ও ১৪ পংক্তিতে "পোলিসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদিগকে" এই কথার পূর্ব্বে "বোর্ডে ও" এই কথা দিতে হইবে ।

Raj Krishna Mukhopadhya, M. A. and B. L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 9, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ৯ নবেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JUNE 1880.

HON'BLE H. L. DAMPIER.

No. 1.

In preparing budget-estimates of charges for the khas management of estates, local officers are informed that the cost on account of the salaries of the class of men hitherto called "chowkidars," whose duties are confined to watching or guarding cutcherries or other property on estates under khas management, and who are quite apart from chowkidars belonging to the ordinary village police, should be provided for under the head of "Servants" in such budget-estimates. To avoid mistakes, chowkidars forming an item in the charges for khas management of estates should in future be designated "guards," not "chowkidars."

MR. REYNOLDS.

No. 2.

The practice has hitherto been that all deeds alienating waste or other Government lands have been submitted for the signature of the Secretary to Government in the Revenue and General Departments, under the authority conveyed to that officer by the resolution of the Governor-General in Council, published at page 224, Part I of the *Gazette of India* of the 13th March 1873; and upon a recent reference, the Advocate-General expressed his opinion that Collectors of revenue were not competent to execute such deeds on behalf of Government. This ruling was, however, productive of administrative inconvenience, and it being desirable that the power of signing such deeds should be vested in local officers, an application was made to Government, recommending that all Collectors should be authorized to sign, on behalf of the Lieutenant-Governor, deeds, contracts, and other instruments referred to in 22 and 23 Vic., ch. 41, sec. 2. In reply to this recommendation the following resolution of the Government of India, to which the attention of all officers is drawn, was issued, and will be found published at page 99, Part IA of the *Calcutta Gazette* for June 2nd, 1880 :—

RESOLUTION.—In exercise of the power conferred by the 33rd and 34th of Victoria, ch. 59, sec. 2, the Governor-General in Council is pleased to declare that the undermentioned classes of deeds, contracts, and other instruments referred to in the 22nd and 23rd of Victoria, ch. 41, sec. 2, may be executed as follows in the territories under the administration of the Government of Bengal—

By Collectors of districts and Deputy Commissioners.	Contracts and other instruments in matters connected with the lease or sale of land.

2. It will, of course, be understood that these orders do not in any way extend the powers of local officers in regard to entering into agreements for the alienation of Government lands. They simply authorize such officers to sign such agreements as a ministerial act instead of forwarding the deeds for the signature of a Secretary to Government.

No. 3.

In line 3 of clause 6, section VIII, chapter II, page 41, Board's Rules, volume I (new edition), for "rule 2," read "that clause," and in lines 1 and 6 for the word "rule" substitute "clause."

JULY 1880.

MR. REYNOLDS.

No. 1.

Doubts being entertained as to the correctness of the procedure followed in regard to the levy of zemindari dâk cess under Bengal Act VIII of 1862 from Government estates the whole subject has been brought under review in a correspondence which has passed between the Board and Government.

[*Government Gazette, 9th November* 1880.]

রাজস্ব বিষয়ক সরকুলর।

১৮৮০ সাল জুন মাস।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

১ নম্বর।

খাসে যে মহালের কার্য্য চলে সেই মহালের কাছারীঘর বা অন্য সম্পত্তি পাহারা দেওয়া বা রক্ষা করা যাহাদের কার্য্য, তাহারা এপর্য্যন্ত "চৌকীদার" নামে অভিহিত হওয়া আসিয়াছে। তাহারা নিয়মিত গ্রাম্য পোলীসের চৌকীদার হইতে সম্পূর্ণ রূপে স্বতন্ত্র। স্থানীয় কর্তৃপক্ষদিগকে জানান যাইতেছে যে, মহালের কার্য্য খাসে সম্পাদন নিমিত্ত খরচের অনুমানপত্র প্রস্তুত করিবার সময়ে তাঁহারা উক্ত শ্রেণীর লোকের বেতনের হিসাবে যে খরচ ধরেন, উক্ত অনুমানপত্রের "চাকর" শীর্ষকের নিম্নে তাহার বিধান করিবেন। মহালের কার্য্য খাসে সম্পাদন নিমিত্ত খরচের মধ্যে চৌকীদার বলিয়া যে একদফা থাকে ভ্রান্তি এড়াইবার নিমিত্ত তাহা "চৌকীদার" না বলিয়া ভবিষ্যতে "রক্ষক" বলিয়া ধরা যাইবে।

শ্রীযুত রেনল্‌ডস্‌ সাহেব।

২ নম্বর।

এপর্য্যন্ত এই রীতি চলিয়াছে যে গবর্ণমেণ্টের পতিত বা অন্য ভূমি হস্তান্তর করিবার সমুদয় দলীল রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের স্বাক্ষর নিমিত্ত তাঁহার নিকট প্রেরিত হয়। ১৮৭৩ সালের ১৩ মার্চের ইণ্ডিয়া গেজেটের প্রথম খণ্ডের ২২৪ পৃষ্ঠায় প্রকাশিত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নির্দ্ধারণক্রমে উক্ত কর্ম্মচারির প্রতি ঐ রূপ স্বাক্ষর করিবার ক্ষমতা প্রদত্ত হয়। সংপ্রতি জিজ্ঞাসা করাতে, শ্রীযুত আডবোকেট জেনরল সাহেব এই মত প্রকাশ করেন যে রেবিনিউ কালেক্টরেরা গবর্ণমেণ্টের পক্ষে উক্তরূপ দলীল সম্পাদন করিতে ক্ষমতাপন্ন নহেন। কিন্তু এই বিধান মতে কার্য্য চালাইবার অসুবিধা হয়; এবং ঐ রূপ দলীল স্বাক্ষর করিবার ক্ষমতা স্থানীয় কর্তৃপক্ষদের প্রতি অর্পণ করা বাঞ্ছনীয় হওয়াতে, এই প্রার্থনা করিয়া গবর্ণমেণ্টের নিকট দরখাস্ত করা যায় যে, শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২২ ও ২৩ বৎসরের আইনের ৪১ অধ্যায়ের ২ ধারার উল্লিখিত দলীল, চুক্তিপত্র ও অন্যান্য নিদর্শনপত্র শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পক্ষে স্বাক্ষর করিবার ক্ষমতা কালেক্টর সাহেব সকলকে দেওয়া হয়। এই প্রার্থনার উত্তরে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিম্নলিখিত নির্দ্ধারণ প্রচারিত হয়। ইহা ১৮৮০ সালের ২ জুনের কলিকাতা গেজেটের ১ A খণ্ডের ৯৯ পৃষ্ঠায় প্রকাশিত দৃষ্ট হইবে। ইহার প্রতি সমুদয় কার্য্যকারকগণের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

নির্দ্ধারণ—শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৩ ও ৩৪ বৎসরের আইনের ৫৯ অধ্যায়ের ২ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে, তদনুসারে কার্য্য করিয়া তিনি প্রকাশ করিলেন যে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২২ ও ২৩ বৎসরের আইনের ৪১ অধ্যায়ের ২ ধারার উল্লিখিত নিম্নলিখিত এক শ্রেণীর দলীল, চুক্তিপত্র ও অন্যান্য নিদর্শনপত্র বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের শাসনাধীন দেশে নিম্নলিখিত প্রকারে সম্পাদন করা যাইতে পারিবে, অর্থাৎ,

জিলার কালেক্টর সাহেবদের ও ডেপুটী কমিশ্যনর সাহেবদের কর্তৃক { ভূমির পাট্টা বিলি বা বিক্রয় করণ সংক্রান্ত বিষয়ে চুক্তিপত্র বা অন্যান্য নিদর্শনপত্র।

২। ইহা অবশ্য বুঝিতে হইবে যে গবর্ণমেণ্টের ভূমি হস্তান্তর করণ নিমিত্ত নিয়মপত্র করিতে স্থানীয় কর্তৃপক্ষদের যে ক্ষমতা আছে এই আজ্ঞাক্রমে কোন রূপে তাহার [illegible] হইতেছে না। এতদ্দ্বারা তাঁহাদের প্রতি কেবল এই ক্ষমতা দেওয়া হইল যে গবর্ণমেণ্টের সেক্রেটরীর নিকট দলীলাদি না পাঠাইয়া তাঁহারা আমলের কার্য্যস্বরূপ ঐরূপ নিয়মপত্রে স্বাক্ষর করিতে পারিবেন।

৩ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ১ বালামের ২১ পৃষ্ঠার ২ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ৬ ধারার ৩ পংক্তিতে "২ বিধি" এই কথার পরিবর্ত্তে "সেই ধারা" এই পাঠ করিবে, এবং ১ ও ৬ পংক্তিতে "বিধি" শব্দের পরিবর্ত্তে "ধারা" শব্দ দিবে।

১৮৮০ সাল জুলাই মাস।

শ্রীযুত রেনলডস্‌ সাহেব।

১ নম্বর।

খাস মহাল হইতে ১৮৬২ সালের বঙ্গীয় ৮ আইনমতে জমিদারী ডাকের অর্থ দায় সম্বন্ধে যে প্রণালী অবলম্বিত হয় তাহার শুদ্ধতা সম্পর্কে সন্দেহ হওয়াতে, গবর্ণমেণ্টের সংস্কৃত বোর্ডের চিঠিপত্র চলিয়া সমুদয় বিষয় সমালোচিত হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৯ নবেম্বর।]

2. In circular order No. 2 of April 1871 it was ruled, with regard to Government estates, that "when an estate is held under the direct management of the Collector, he must pay the rate on the part of Government from the revenue of the estate." Some further explanation was given in circular order No. 1 of June 1874; and subsequently, in circular order No. 7 of September 1875, Collectors were informed that "as the contribution from Government estates to the Zemindari Dâk Fund should be debited to the head 'Charges on account of Government estates,' they should be careful * * * to provide the necessary funds in their budget-estimates." The present rule, which is based on the foregoing orders, is contained in clause 3, section VIII, page 23 of the Board's Settlement Manual, 1879, and lays down that "under the Act (Bengal Act VIII of 1862), if the estate is farmed, the rate is payable by the farmer; and when an estate is held under the direct management of the Collector he must pay the rate on the part of Government from the budget grant for charges on account of Government estates."

3. Following this principle, a heading, viz. "Assessment for zemindari dâk," has been introduced in the form of budget-estimates prescribed by the Accountant-General on account of "Charges for the management of estates," and the necessary funds are accordingly provided each year in most Collectors' offices, although there are instances in which, notwithstanding the rules, payments on account of zemindari dâk cess have been made from the assets of the Estates Improvement Fund instead of from the allotments which the Board make yearly on account of charges for the khas management of estates.

4. But it has now been decided by Government, after consultation with the Legal Remembrancer, that the Collector is not a zemindar who pays revenue to Government within the meaning of section 3 of Bengal Act VIII of 1862 in respect of Government estates, and that in a Government estate under direct management the ryots are not persons who come under the description of "persons paying revenue direct to Government," such as zemindars and sudder farmers mentioned in that section. It is therefore held—(*a*) that as in a Government estate under direct management there is no sudder jumma within the meaning of section 5 upon which the rate for zemindari dâk cess can be assessed, no zemindari dâk cess is payable by such an estate; (*b*) that in estates the property of Government let on farming leases the farmer is liable to pay the assessment; (*c*) that in estates the property of individuals which are let on farming leases, in consequence of the refusal of the proprietors to take settlement, the farmer is liable; and (*d*) in the case of estates of the same kind as class (*c*), but managed directly by Government and not let on farming leases, no person is liable.

5. Under this explanation it will be seen that "it is only sudder malguzars under revenue engagements to Government who can be called upon to pay the cess, which in fact only represents the old customary liability of such malguzars to forward police reports of crime," and district officers will be guided accordingly in future.

Government order No. 103T, dated 25th June 1880, to the Board.

6. It follows that no provision will henceforth be necessary for the payment of the zemindari dâk cess on account of estates, whether the property of Government or of private individuals, which are held under the direct management of the Collector. The change should be brought into operation with effect from the beginning of the current official year 1880-81, and the amounts which have been already provided under the head of assessment for zemindari dâk in the district budget-estimates of "Charges for the management of estates" during 1880-81 are hereby resumed.

7. The circular orders cited on the margin are cancelled, as well as the part of clause 3, section VIII, page 23 of the Settlement Manual beginning with the words "and when an estate" to the end.

* Circular order No. 2 of April 1871.
" " 1 of June 1874.
" " 7 of September 1875.

[*Government Gazette, 9th November* 1880.]

২। ১৮৭১ সালের আপ্রিল মাসের ২ নং সরকুলারে খাস মহাল সম্বন্ধে এই বিধান ছিল যে, "কোন মহালের কার্য্য নিজ কালেক্টর সাহেবের অধ্যক্ষতায় থাকিলে তিনি গবর্ণমেণ্টের পক্ষে মহালের রাজস্ব হইতে ঐ টাকা দিবেন।" ১৮৭৪ সালের জুনমাসের ১ নং সরকুলারে আরো কিঞ্চিৎ ব্যাখ্যা প্রদত্ত হয়; এবং পরে ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ৭ নং সরকুলারে কালেক্টর সাহেবদিগকে জানান যায় যে, "জমীদারী ডাক করে গবর্ণমেণ্ট যে টাকা দিয়া থাকেন, তাহা গবর্ণমেণ্ট মহালের বাবৎ খরচার দফায় লিখিতে হইবে, অতএব যে সময়ে বজেটের ইষ্টিমেট করিবেন সেই সময় ঐ খরচ মিটাইবার উপযুক্ত টাকাও তন্মধ্যে ধরিবেন।" বর্ত্তমান বিধান পূর্ব্বোক্ত আজ্ঞামূলক। তাহা ১৮৭৯ সালের বোর্ডের বন্দোবস্ত কার্য্যবিষয়ক পুস্তকের ২৩ পৃষ্ঠায় ৮ পরিচ্ছেদের ৩ ধারায় আছে। তাহাতে লিখিত আছে যে, "ঐ (১৮৬২ সালের বঙ্গীয় ৮) আইনমতে মহাল ইজারা দেওয়া গেলে, উক্ত কর ইজারদারের দিতে হইবে; এবং মহাল নিজ কালেক্টর সাহেবের অধ্যক্ষতাধীন থাকিলে, খাসমহালের খরচের নিমিত্ত বজেটে যত টাকা দিবার অনুমতি হয় সেই টাকা হইতে তিনি গবর্ণমেণ্টের পক্ষে ঐ কর দিবেন।"

৩। এই সূত্র অবলম্বন করিয়া, "মহালের অধ্যক্ষতার খরচ" নিমিত্ত শ্রীযুত আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নির্দ্দিষ্ট বজেট ইষ্টিমেটের পাঠে "জমীদারী ডাকের কর" বলিয়া একটি শীর্ষক দেওয়া গিয়াছে; এবং তদনুসারে অধিকাংশ কালেক্টর সাহেবদের আফিসে প্রতি বৎসর আবশ্যক ফণ্ড দেওয়া যায়। কিন্তু প্রকারান্তরের বিধান থাকিলেও কোন২ স্থলে, বোর্ড মহালের খাস অধ্যক্ষতার খরচ নিমিত্ত বৎসর২ যে টাকা নিরূপণ করিয়া দেন তাহা হইতে না দিয়া, মহালের উৎকর্ষসাধন তহবীল হইতে জমীদারী ডাকের করের টাকা দেওয়া হইয়াছে।

৪। রাজকীয় মোকদ্দমার প্রযোজক সাহেবের সহিত পরামর্শ করিয়া গবর্ণমেণ্ট এক্ষণে স্থির করিয়াছেন যে, কালেক্টর সাহেব খাস মহাল সম্বন্ধে ১৮৬২ সালের বঙ্গীয় ৮ আইনের ৩ ধারার মর্ম্মানুযায়ী গবর্ণমেণ্টে রাজস্বদায়ী জমীদার নহেন; এবং যে খাস মহালের খাসে অধ্যক্ষতা বলে, তদন্তর্গত রায়তেরা উক্ত ধারার উল্লিখিত জমীদার ও সদর ইজারদারেদের ন্যায় "নিজ গবর্ণমেণ্টে রাজস্বদায়ী ব্যক্তিদের" বর্ণনামধ্যে পড়ে না। অতএব ধার্য্য হইয়াছে যে—(ক) ৫ ধারার মর্ম্মানুযায়ী যে সদর জমার উপর জমীদারী ডাক কর ধরা যাইতে পারে, খাস অধ্যক্ষতাধীন খাস মহালে তদ্রূপ সদর জমা না থাকাতে, উক্ত মহালের জমীদারী ডাক কর দিতে হইবে না, (খ) যে মহাল গবর্ণমেণ্টের সম্পত্তি তাহার ইজারা পাট্টা দেওয়া গেলে, ইজারদার ঐ কর দিতে দায়ী; (গ) যে মহাল ব্যক্তি বিশেষের সম্পত্তি, মালিকে বন্দোবস্ত করিয়া লইতে অস্বীকার করাতে, তাহার ইজারা পাট্টা দেওয়া গেলে ইজারদার দায়ী; এবং (ঘ) (গ) শ্রেণীর মহাল গবর্ণমেণ্টের খাস অধ্যক্ষতাধীন থাকিলে ও ইজারা বিলি করা না গেলে, কোন ব্যক্তি ঐ কর দিতে দায়ী নহে।

৫। এই ব্যাখ্যাক্রমে দৃষ্ট হইবে যে, "যে সদর মালগুজারেরা গবর্ণমেণ্টের সহিত রাজস্বের বন্দোবস্ত করেন, তাঁহাদের প্রতি কেবল উক্ত কর দিবার আদেশ হইতে পারে। অপরাধের পোলীস রিপোর্ট পাঠাইতে উক্ত মালগুজারদের দেশাচারানুযায়ী পুরাতন যে দায় ছিল, ঐ কর বস্তুতঃ কেবল তাহার স্থলীয়"। সুতরাং ভবিষ্যতে জিলার কর্ত্তৃপক্ষেরা এই অনুসারে চলিবেন।

বোর্ডের প্রতি ১৮৮০ সালের ২৫ জুনের ১০৩ T নং গবর্ণমেণ্টের আজ্ঞা।

৬। অতএব যে মহাল কালেক্টর সাহেবের নিজ অধ্যক্ষতাধীন থাকে, তাহা গবর্ণমেণ্টের সম্পত্তিই হউক বা ব্যক্তি বিশেষের সম্পত্তিই হউক, তজ্জন্য জমীদারী ডাক কর দিবার কোন বিধান এই অবধি আবশ্যক হইবে না। চলিত রাজকার্য্য সম্পর্কীয় ১৮৮০—৮১ বৎসরের প্রারম্ভাবধি এই পরিবর্ত্তন কার্য্যে পরিণত করিতে হইবে, এবং ১৮৮০-৮১ সালে "মহালের অধ্যক্ষতার খরচ" বলিয়া জিলার বজেট ইষ্টিমেট মধ্যে জমীদারী ডাককর শীর্ষকে যে টাকার বরাদ্দ করা হইয়াছে, তাহা এতদ্দ্বারা প্রতিগ্রহণ করা গেল।

৭। পার্শ্বলিখিত সরকুলরগুলি এবং বন্দোবস্ত কার্য্য বিষয়ক পুস্তকের ২৩ পৃষ্ঠার ৮ পরিচ্ছেদের ৩ ধারায় "এবং যখন কোন মহাল" হইতে আরম্ভ হইয়া শেষ পর্য্যন্ত অংশ রহিত করা গেল।

১৮৭১ সালের আপ্রিল মাসের ২ নং।
১৮৭৪ সালের জুন মাসের ১ নং।
১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ৭ নং।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৯ নবেম্বর।]

No. 2.

THE attention of all officers is drawn to the following orders regarding the right of Government to mines and minerals, as laid down by the Government of India and the Secretary of State.

Except in permanently settled estates, it is presumed throughout India that, in the absence of any distinct judicial precedent or proof of established usage, the State has a right to minerals. The ruling that grantees of waste lands (whether or not the grants expressly comprise all products above and below the surface) are, in the absence of provision to the contrary, entitled to mines of gold and silver found thereupon is limited to grantees of waste land "in fee simple," made in accordance with the rules framed upon the instructions given in Sir Charles Wood's despatch No. 14 of 1862. Grants of waste land in fee simple are, however, no longer made, and all leases of waste lands are now distinctly given subject to reservation of the full right of the State in mines and minerals, and of right of access and other reasonable conveniences for working them on behalf of Government or the assignees of Government.

[*Government Gazette*, *9th November* 1880.]

২ নম্বর।

খনি ও খনিজ পদার্থে গবর্ণমেণ্টের যে স্বত্ব আছে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ও শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নির্দ্দিষ্ট তৎসম্পর্কীয় নিম্নলিখিত আজ্ঞার প্রতি কার্য্যকারক সকলের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

চিরস্থায়ী বন্দোবস্তী মহালে না হইলে, ভারতবর্ষের সর্ব্বত্র এই অনুমান হইবে যে, বিচারসংক্রান্ত কোন স্পষ্ট নজীর বা চিরাগত প্রথার প্রমাণ না থাকিলে, খনিজ পদার্থমাত্রে গবর্ণমেণ্টের স্বত্ব আছে পতিত ভূমির গ্রহীতাদিগকে যে অনুমতি পত্র দেওয়া যায় তাহাতে ভূপৃষ্ঠের উপরিস্থ ও নিম্নস্থ সমুদয় উৎপন্ন দ্রব্য স্পষ্ট করিয়া ধরা যাউক বা না যাউক, বিপরীত বিধানাভাবে তাঁহারা ঐ ভূমিতে প্রাপ্ত স্বর্ণ ও রৌপ্যের খনি পাইবার অধিকারী, এই যে বিধান আছে, ইহা শ্রীযুত স্যর চার্লস উড সাহেবের ১৮৬২ সালের ১৪ নং বিজ্ঞাপনীর প্রদত্ত উপদেশানুসারে প্রণীত বিধিমতে যে গ্রহীতাদিগকে "ফী সিম্পলে অর্থাৎ পুত্রপৌত্রাদিক্রমে চিরকাল ভোগদখল করিবার নিয়মে" পতিত ভূমি দেওয়া যায়, কেবল তাঁহাদের প্রতি বর্ত্তে। কিন্তু এক্ষণে আর পুত্রপৌত্রাদিক্রমে চিরকাল ভোগদখল করিবার নিয়মে পতিত ভূমি দেওয়া যায় না, এবং খনি ও খনিজ পদার্থে গবর্ণমেণ্টের সম্পূর্ণ স্বত্ব ও গবর্ণমেণ্টের ও তৎপ্রতিনিধিদের পক্ষে খনিপ্রভৃতির কার্য্য নিমিত্ত যেরূপ যাতায়াত ও অন্য যুক্তিসঙ্গত সুবিধার বিধান করিতে হয় তদ্বিষয়ক স্বত্ব স্পষ্টাক্ষরে রাখিয়া এক্ষণে পতিত ভূমির সমুদয় পাট্টা দেওয়া হয়।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 16, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১৬ নবেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 32, *dated the* 10*th September* 1880.

The Court desires to impress upon the attention of all Subordinate Civil Courts that in all suits and appeals evidence should, as a general rule, "be taken orally in open Court in the presence, and under the personal direction and superintendence, of the Judge." (Section 181). The power to order that any particular fact or facts may be proved by affidavit, or that the affidavit of any witness may be read at the hearing, should be exercised only under special circumstances, or as Section 194 declares, "*for sufficient reason,*" which should always be specified in the order. General orders cannot therefore be given for the admission of affidavits in suits or appeals; where any such orders have been given they should be withdrawn.

2. The Courts should not require any fact to be proved by affidavit which the law directs shall be made the subject of a verified petition; and they should also be careful to enforce Section 196, and, except in interlocutory applications, to confine the use of affidavits to such facts as the declarant is able to prove of his own knowledge, and to refuse statements founded on mere belief.

3. In determining how the costs of affidavits should be borne by the parties to the suit, a Court should have especial regard to the circumstances under which they were admitted. When an affidavit has been allowed for the convenience of one of the parties or of one of his witnesses, the costs so incurred should not form costs in the suit and be charged against the opposite party.

CIVIL.

No. 33, *dated the* 10*th September* 1880

As there is apparently some misapprehension on the subject, the High Court think it necessary to point out that on receipt of a commission under Section 386 of the Code of Civil Procedure for the examination of a witness, the Commissioner should determine how it should be executed,—whether (1) at the residence of the witness, or (2) at some convenient locality in the neighbourhood of the Court, or (3) supposing that the Commissioner be a judicial officer, whether the witness should not attend in the Court, or in the premises of the Court of such officer, proper arrangements, if necessary, having been made for due privacy.

2. As a rule, a person to beexamined by commission should attend the Commissioner at the particular time and place specified in the notice issued; but discretion should be exercised in the examination of those whose attendance is ordinarily excused, such as females, persons unable to be removed from their houses owing to old age, sickness, or other bodily infirmity, or persons of rank exempted by an order under Section 641 from personal attendance in Court. In such cases the Commissioner should endeavour to discharge his duty with due regard to the special circumstance and condition of the particular witness. Where the Commissioner is a judicial officer, however much he may desire to examine a witness at his or her residence, it may often be absolutely impossible for him to do so in preference to other and more important public duties; but when the Commissioner receives remuneration for his services, he should be prepared to meet the convenience of the witness so far as is possible and reasonable.

3. The High Court desire to point out to Subordinate Judges that no Commissioner can delegate the performance of his duties to another: thus, a commission addressed to a judicial officer cannot be made over by him to a Mohurir or Amla of his Court for examination.

[*Government Gazette,* 16*th November* 1880.]

বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী।

৩২ নম্বর। ১৮৮০ সালের ১০ সেপ্টেম্বর।

হাই কোর্টের ইচ্ছা এই, সমুদয় অধীন দেওয়ানী আদালত মনে রাখেন যে, সকল মোকদ্দমায় ও আপীলে "মুক্তদ্বার আদালতে বিচারপতির সাক্ষাতে ও তাঁহার নিজ আদেশমতে ও তত্ত্বাবধানে বাচনিক সাক্ষ্য লওয়া যাইবে" (১৮১ ধারা), এইটিই সাধারণ বিধি। আফিডেবিট দ্বারা কোন বিশেষ বৃত্তান্ত বা বৃত্তান্ত-সমূহ প্রমাণ করিবার, অথবা শুনানীর সময়ে কোন সাক্ষীর আফিডেবিট পঠিত হইবার আজ্ঞা দিবার যে ক্ষমতা আছে কেবল অবস্থা বিশেষে অথবা ১৯৪ ধারার নির্দ্দেশমত "বিশিষ্ট কারণ" থাকিলে, তদনুসারে কার্য্য করা উচিত। উক্ত আজ্ঞায় ঐ অবস্থা বা কারণ সর্ব্বদা বিশেষ করিয়া নির্দ্দেশ করিতে হইবে। সুতরাং মোকদ্দমায় বা আপীলে আফিডেবিট গ্রহণ করিবার সাধারণ আজ্ঞা দেওয়া যাইতে পারে না; কোন স্থলে উক্তরূপ কোন আজ্ঞা দেওয়া হইয়া থাকিলে, তাহা রহিত করিতে হইবে।

২। আইনের আদেশ মতে যে কোন বৃত্তান্ত সত্যপাঠযুক্ত দরখাস্তের বিষয়ীভূত করিতে হইবে, আদালতসমূহ তাহা আফিডেবিট দ্বারা প্রমাণ করিবার আজ্ঞা দিবেন না; এবং তাঁহারা সাবধান হইয়া ১৯৬ ধারা অনুসারেও কার্য্য করাইবেন, এবং নিষ্পত্তির পূর্ব্বগত দরখাস্তে না হইলে, প্রকাশক যাহা আপন জ্ঞানমতে প্রমাণ করিতে পারেন, আফিডেবিটের ব্যবহার কেবল সেই সকল বৃত্তান্তে আবদ্ধ রাখিবেন, এবং কেবল বিশ্বাস মূলক উক্তি অগ্রাহ্য করিবেন।

৩। আফিডেবিটের খরচা মোকদ্দমার পক্ষদের কিরূপে দিতে হইবে ইহা নির্ণয় করিবার সময়ে আদালত যে অবস্থায় আফিডেবিট গ্রাহ্য হয় তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখিবেন। কোন পক্ষের বা তাঁহার সাক্ষির সুবিধা নিমিত্ত আফিডেবিট গ্রাহ্য করা গেলে, ঐ খরচা মোকদ্দমার খরচার মধ্যে গণ্য হইয়া অপর পক্ষের বিরুদ্ধে ধরা যাইবে না!

দেওয়ানী।

৩১ নম্বর। ১৮৮০ সাল ১০ সেপ্টেম্বর।

এবিষয়ে কিঞ্চিৎ ভ্রান্তি আছে দৃষ্ট হওয়াতে, হাই কোর্ট ইহা বুঝাইয়া দেওয়া আবশ্যক বোধ করিতেছেন যে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩৮৬ ধারামতে কোন সাক্ষির জবানবন্দী লইবার নিমিত্ত কমিশ্যন পাইলে, তদনুসারে কিরূপে কার্য্য করিতে হইবে, অর্থাৎ (১) সাক্ষির বাসস্থানে, কিম্বা (২) আদালতের নিকটস্থ কোন সুবিধামত স্থানে, ঐ কার্য্য করিতে হইবে, অথবা (৩) কমিশ্যনর বিচারসম্পর্কীয় কার্য্যকারক হইলে, প্রয়োজনীয় নির্জ্জনতার নিমিত্ত যেরূপ বন্দোবস্ত করা আবশ্যক হয় তাহা হইলে পর, সাক্ষী আদালতে কিম্বা উক্ত কার্য্যকারকের আদালত বাটীতে উপস্থিত হইবেন, কমিশ্যনর ইহা স্থির করিবেন।

২। কমিশ্যনদ্বারা যে ব্যক্তির জবানবন্দী লইতে হইবে, তিনি নোটিসের নির্দ্দিষ্ট বিশেষ সময়ে ও স্থানে কমিশ্যনরের নিকট উপস্থিত হইবেন, ইহাই বিধি; কিন্তু সামান্যতঃ যাঁহাদের উপস্থিত হওয়া ক্ষমা করা যায়, অর্থাৎ যাঁহারা স্ত্রীলোক, বা যে সকল ব্যক্তি বার্দ্ধক্য, পীড়া বা অন্য শারীরিক দৌর্ব্বল্য নিবন্ধন আপন২ গৃহ হইতে স্থানান্তরে যাইতে অক্ষম কিম্বা পদমর্য্যাদাসম্পন্ন যে সকল ব্যক্তি ৬৪১ ধারামত আজ্ঞাক্রমে আদালতে প্রবেশন হইতে মুক্ত, তাঁহাদের জবানবন্দী লইবার বেলা বিবেচনা করিতে হইবে। এরূপ স্থলে কমিশ্যনর সাক্ষি বিশেষের বিশেষ অবস্থার প্রতি যথোচিত দৃষ্টি রাখিয়া আপন কর্ত্তব্য পালন করিতে চেষ্টা করিবেন। কমিশ্যনর বিচার সম্পর্কীয় কার্য্যকারক হইলে, সাক্ষির বাটীতে তাহার জবানবন্দী লইতে তাঁহার যত কেন ইচ্ছা থাকুক না, অনেক সময়ে অন্য প্রয়োজনীয় কর্ম্ম ছাড়িয়া তাহা করা তাঁহার পক্ষে সম্পূর্ণরূপে অসম্ভব হইতে পারে; কিন্তু কমিশ্যনর স্বীয় কর্ম্মের নিমিত্ত পারিশ্রমিক পাইলে, যত দূর সম্ভব ও যুক্তিসিদ্ধ হয়, সাক্ষির সুবিধা দেখিতে তাঁহার প্রস্তুত থাকা উচিত।

৩। সব জজদিগকে হাই কোর্ট ইহাও বুঝাইয়া দিতে ইচ্ছা করেন যে কমিশ্যনর আপন কর্ত্তব্য পালনের ভার অন্যের প্রতি অর্পণ করিতে পারেন না, যথা বিচার সম্পর্কীয় কোন কার্য্যকারকের নামে কমিশ্যন দেওয়া গেল তিনি তদনুসারে কার্য্য হইবার নিমিত্ত তাহা তাঁহার আদালতের কোন মহুরীরের বা আমলার প্রতি অর্পণ করিতে পারেন না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৬ নবেম্বর।]

CIVIL.

No. 34, *dated the* 11*th September* 1880.

In continuation of circular order No. 18, dated 4th May 1878, the Court are pleased to direct that, if witnesses to prove the identity of the person served do not appear when the serving peon makes his return and is examined in Court, or makes his affidavit, as the case may be, the Judge shall, instead of sending back the notice to the High Court as unserved, adjourn the enquiry as to proof of service, and afford to the parties a reasonable time, being not less than seven days, for the production of the proof of identification; and that a notice of such adjournment, and of the time within which the parties are allowed to produce such proof, shall be posted up in the Judge's Court.

CRIMINAL.

No. 5, *dated the* 21*st September* 1880.

At the instance of the Government of Bengal,* the Court are pleased to direct that Sessions Judges in the Lower Provinces do give every facility to Magistrates and District Superintendents of Police for inspecting the records of cases in their Courts, and for the preparation of copies by clerks sent by the District Magistrate,—care being taken that the records are not removed from the Judge's Office.

* *Vide* last clause of paragraph 4 of its Circular Order No. 44, dated 31st August last, published at page 816 of the Supplement to the *Calcutta Gazette* of the 1st September 1880.

2. Sessions Judges should, in order to assist the enquiries of the District Magistrates regarding the cause of an acquittal in the Sessions Court, set forth clearly in the judgment what, in their opinion, has led to that result.

[*Government Gazette,* 16*th November* 1880.]

দেওয়ানী।

৩৪ নম্বর : ১৮৮০ সাল ১১ সেপ্টেম্বর।

১৮৭৮ সালের ৪ মে তারিখের ১৮ নং সরক্যুলরের অনুক্রমে, কোর্ট আজ্ঞা করিলেন যে, যখন নোটিস জারী করিবার পেয়াদা রিটর্ণ দেয় ও আদালতে তাহার জবানবন্দী লওয়া যায়, কিম্বা স্থলবিশেষে সে আফিডেবিট করে, তখন যদি যে ব্যক্তির উপর নোটিস জারী করা যায় তাহার স্বরূপতার প্রমাণ দিবার সাক্ষী উপস্থিত না হয়, জজ সাহেব নোটিস জারী হয় নাই বলিয়া হাই কোর্টে ফিরাইয়া না দিয়া জারী হইবার প্রমাণ সম্বন্ধীয় তদন্তের দিনান্তর নিরূপণ করিবেন, এবং স্বরূপতার প্রমাণ উপস্থিত করিবার নিমিত্ত পক্ষদিগকে সাত দিনের অন্যূন যুক্তিমত সময় দিবেন। উক্ত দিনান্তর নিরূপণের এবং পক্ষেরা যে সময় মধ্যে ঐ প্রমাণ উপস্থিত করিতে পারিবেন তাহার নোটিস জজ সাহেবের আদালতে লাগাইয়া দেওয়া হইবে।

ফৌজদারী।

৫ নম্বর। ১৮৮০ সাল ২১ সেপ্টেম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধক্রমে * কোর্ট আজ্ঞা করিলেন যে, নিম্ন প্রদেশের সেশন জজ সাহেবেরা আপন২ আদালতে মোকদ্দমার নথী দেখিবার নিমিত্ত মাজিষ্ট্রেট ও ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবদিগের এবং জিলার মাজিষ্ট্রেট সাহেব যে কেরাণীদিগকে পাঠান নকল প্রস্তুত করিবার নিমিত্ত তাহাদের সর্ব্বপ্রকার সুবিধা করিয়া দিবেন, সাবধান হইতে হইবে যে জজ সাহেবের আফিস হইতে নথী স্থানান্তর করা না হয়।

* ১৮৮০ সালের ১ সেপ্টেম্বরের কলিকাতা গেজেটের পরিশিষ্টের ৯১৫ পৃষ্ঠায় প্রকাশিত ঐ গবর্ণমেণ্টের গত আগষ্টের ৪৪ নং সরক্যুলরের ৪ ধারার শেষ প্রকরণ দেখ।

১। সেশন আদালতে খালাস পাইবার কারণ সম্বন্ধে জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা যে তদন্ত লন, তাহার সাহায্য নিমিত্ত সেশন জজ সাহেবেরা তাঁহাদের বিচারপত্রে স্পষ্ট করিয়া লিখিবেন, যে কারণে তাঁহাদের বিবেচনায় ঐরূপ ফল হইয়াছে।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 14, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১৪ ডিসেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL AND CRIMINAL.

No. 35, dated the 1st October 1880.

THE following orders are issued in supersession of those contained in Circular Order No. 22, dated 2nd June, and Circular Order No. 28, dated 29th July last.

2. In all Civil and Criminal Courts a uniform charge shall be made for the preparation of copies, whether authenticated or unauthenticated, at the rate of four annas per folio. This term, it is to be carefully explained to all subordinate officers, merely denominates a certain quantity of manuscript; the folio to consist of 150 words English, or of 300 words Vernacular, four figures counting as one word.

3. It is intended that this charge should eventually be levied by means of an impressed stamp of four annas on each sheet of paper corresponding with the folio to be provided by the applicant for a copy. The preparation locally of special stamps for the purpose has been authorized by the Government. Some delay is, however, likely to occur in obtaining paper of the proper size and description. Till such stamps are available, sheets bearing each an impressed (non-judicial) stamp of two annas* will be used for the preparation of the copies. Each of these sheets is intended to contain half a folio—that is, 75 words English, or 150 words Vernacular. As there are 15 lines in each sheet, no line should contain more than five words English, or ten words Vernacular.

* The Superintendent of Stamps will be requested to arrange for the supply of these [illegible] through the usual channel, to have them endorsed with the words "For copies," ruled and perforated.

4. All copies, whether authenticated or unauthenticated, must in future, before issue, be examined by a salaried officer. The copies themselves will in all cases be made by section-writers, who will be remunerated at the rate of two annas per folio. *General Letter No. 10, dated 29th November 1877, is cancelled.*

5. Half the charge of four annas per folio, levied by means of the impressed stamp, represents the payment to Government on account of the salary of examiners, cost of paper, &c.; the other half will represent the earnings of the section-writers, whose accounts will be made up monthly, and the amount due to each paid out of contingencies. These payments must be checked at the time with the upper part of each stamp, which, when the copy is ready, must be torn off each sheet, along the perforated line, and then endorsed with the copyist's name, and kept till the end of the month. Care must be taken to see that nothing in excess of half the amount realized in stamps is paid away.

6. To prevent the risk of stamped slips being used more than once, the officer passing the copyist's account will, after checking it as directed, tear the slips to pieces and cause them to be burnt in his presence. A certificate that this has been done must be attached to the contingent bill on which the copyists' fees are drawn.

7. To protect the interests of the Government, care must be taken to see that no copies issue from the Courts which are not prepared on the prescribed stamp paper, which must be written on one side of the sheet only and not contain more than the authorized number of words. On the other hand, care must be taken to see that applicants are not imposed upon by the copyists spreading their writing over a larger number of sheets than is necessary. By insisting on the number of lines in each sheet being uniform, control may easily be exercised in this matter, the number of words in a few of the lines in each folio being checked. The business of a copyist is (like most other occupations) one calling for skill, and greatly dependent for its successful practice on experience: copyists, therefore must possess or acquire skill in their business, or they ought not to be retained.

8. When an applicant requires his copies to be furnished on the day of application, an extra fee of one rupee* shall be charged on all copies so furnished, to be levied from him by a court-fee stamp, which should be affixed to the application for the copy and be entered in the Register for Court-fee Stamps. Care, however, is to be taken

* This is a fee for credit to Government, and no part of it is payable to the copyists.

[*Government Gazette,* 14*th December* 1880.]

that other applicants for copies do not materially suffer by the arrangement. If the granting of other copies be much delayed by this rule, an extra hand ought to be told off to furnish their copies.

9. Under ordinary circumstances, the time for furnishing the copies required shall not be later than 1 P.M. of the fifth open day after the presentation of the application.

10. In the case of authenticated copies, the court-fee chargeable under the Court-fees Act should be levied by affixing the necessary stamp to the first folio of the copy.

11. In the case of maps and plans no general rule can be laid down. In each case a charge will have to be fixed with reference to the difficulty or intricacy of the work to be done. Half will be paid to the copyist and half credited to Government on account of examination fees and cost of materials.

12. A register of application for copies should be maintained in the following form:—

Register of Applications for Copies.

1	2	3	4	5	6	7	8	9	10
Serial No.	Date of application.	Name of applicant.	NUMBER OF FOLIOS.				Date on which copy was ready for delivery.	Date on which delivery was taken.	REMARKS.
			Filed with applications.	Filed afterwards.	Returned unused	Used.			

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

AUGUST 1880.

MR. REYNOLDS.

No. 1.

UNDER the resolution of the Government of India, Department of Finance and Commerce, No. 948, dated 5th June 1880, the following addition should be made to clause 13, section VIII, Chapter II of the Board's Rules, new edition, above the words—"If the officer's salary is not less than Rs 50"—

If the officer's salary is not less than Rs. 400 a month.	First class fare, upon his furnishing one of the certificates prescribed in Financial notification No. 1497, dated 28th March 1879.

No. 2.

THE Board call the attention of all officers subordinate to them to the following instructions regarding the direct administration of Government estates.

2. It is observed that a diversity of practice obtains in different districts in the preparation of the quarterly abstract mehalwari account of khas mehals required by circular order No. 2 of August 1879. Some officers show the total of rent and cesses together, while others only give totals of each estate separately without any grand total at the end of the statement. These statements are also submitted with extreme unpunctuality, so that they are often received in the Board's office too late to be of any practical use.

3. In these statements rent and cesses should be shown separately in two lines for each estate, and the grand totals should also always be struck in two separate lines, and there is no reason why these statements should not invariably reach the Board within one month of the quarter to which they relate. If they are delayed beyond this, a satisfactory explanation of the cause of delay will in each case be expected.

[*Government Gazette*, 14th *December* 1880.]

বিশেষ ক্ষতিগ্রস্ত না হন। এই বিধান হেতুক অন্যান্য নকল দিতে অনেক বিলম্ব হইলে, ঐ সকল নকল দিবার জন্য অতিরিক্ত লোক নিযুক্ত করিতে হইবে।

৯। দরখাস্ত দিবার পর আদালত খোলা থাকিবার পঞ্চম দিবসের বেলা ১টার মধ্যে প্রার্থিত নকল দিবার সময়, সামান্যতঃ ইহার অধিক বিলম্ব হইবে না।

১০। সহীমোহরের নকল হইলে, আদালতের রসুম বিষয়ক আইনমতে যে কোর্ট ফী ধরা যায়, নকলের প্রথম পৃষ্ঠার আবশ্যক ইস্টাম্প লাগাইয়া দিয়া তাহা আদায় করিতে হইবে।

১১। মানচিত্র ও নকশা সম্বন্ধে কোন সামান্য বিধি নির্দ্দেশ করিতে পারা যায় না। যে কার্য্য করিতে হইবে, তাহার কাঠিন্য বা জটিলতার প্রতি দৃষ্টি রাখিয়া প্রত্যেক স্থলে খরচ ধার্য্য করিতে হইবে। নকলনবিশকে অর্দ্ধেক দেওয়া যাইবে, এবং পরীক্ষার ফী ও উপাদানের খরচ হিসাবে অর্দ্ধেক গবর্ণমেণ্টে জমা দেওয়া যাইবে।

১২। নকলের দরখাস্তের রেজিস্টর নিম্নলিখিত পাঠে রাখিতে হইবে।—

নকলের দরখাস্তের রেজিস্টর।

ক্রমিক নম্বর।	দরখাস্তের তারিখ।	দরখাস্তকারির নাম।	যত কাগজ।				যে তারিখে দিবার নিমিত্ত নকল প্রস্তুত হয়।	যে তারিখে নকল দেওয়া হয়।	মন্তব্য।
			দরখাস্তের সহিত দাখিল করা যায়।	পরে দাখিল করা যায়।	বাহাল না করিয়া ফিরাইয়া দেওয়া যায়।	বহাল করা যায়।			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

রাজস্ব বিষয়ক সরকুলর।

১৮৮০ সাল আগষ্ট মাস।

শ্রীযুক্ত রেনল্‌ডস্‌ সাহেব।

১ নম্বর।

রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কার্য্যবিভাগে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৮০ সালের ৫ জুন তারিখের ১৪৮ নং নির্দ্ধারণ ক্রমে বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ২ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ১৩ ধারায় "যদি কর্ম্মচারির বেতন ৫০ টাকার ন্যূন না হয়" এই কথার উপরে নিম্নলিখিত কথা সংযোগ করিতে হইবে।

যদি কর্ম্মচারির বেতন মাসে ৪০০ টাকার ন্যূন না হয়। { ১৮৭৯ সালের ২৮ মার্চ তারিখের ১৪৯৭ নং রাজস্বসংক্রান্ত বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট একখণ্ড সর্টিফিকেট দিলে, প্রথম শ্রেণীর ভাড়া।

২ নম্বর।

খাস মহালের খাস অধ্যক্ষতা সম্বন্ধীয় নিম্নলিখিত আদেশের প্রতি বোর্ড স্বীয় অধীন কার্য্যকারক সকলের মনোযোগ আকর্ষণ করিতেছেন।

২। ১৮৭৯ সালের আগষ্ট মাসের ২ নং সরকুলরের আদেশমত খাসমহালের ত্রৈমাসিক সংক্ষিপ্ত মহালওয়ারী হিসাব প্রস্তুত করণ সম্বন্ধে ভিন্ন২ জিলায় ভিন্ন২ রীতি প্রচলিত আছে দেখা যায়। কোন২ কার্য্যকারক খাজানার ও করের মোট দেখান, কেহ আবার প্রত্যেক মহালের মোট মাত্র স্বতন্ত্র২ দেন ও বর্ণনাপত্রের শেষে সর্ব্বসুদ্ধ মোট দেন না। এই বর্ণনাপত্রগুলি নিয়মিত সময়েও পাঠান হয় না, সুতরাং সেগুলি অনেক স্থলে যখন বোর্ডের আফিসে পঁহুছে তখন তাহাতে প্রায় কোন কাজ হয় না।

৩। এই সকল বর্ণনাপত্রে প্রত্যেক মহালের খাজানা ও কর দুই লাইনে স্বতন্ত্র২ দেখাইতে হইবে, এবং সকল স্থলে দুই স্বতন্ত্র লাইনে সর্ব্বসুদ্ধ মোট দিতে হইবে, এবং যে বর্ণনাপত্র যে ত্রৈমাস সম্বন্ধীয় হয় সেই ত্রৈমাসের পর এক মাস মধ্যে সেই বর্ণনাপত্র নিয়ত কেন বোর্ডে পঁহুছিবে না তাহার কারণ দেখা যায় না। ইহার অধিক বিলম্ব হইলে, বিলম্বের কারণের সন্তোষজনক কৈফিয়ত প্রত্যেক স্থলে প্রত্যাশা করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৪ ডিসেম্বর।]

4. The Board observe also that in most districts there is a want of promptness in taking out compulsory process for recovery of Government demand. Of course, if there is a bad season consideration must be shown and the tenants must not be pressed. But this and other xceptional reasons apart, punctual payment should be enforced. With this object in view, the Board direct that lists of defaulters be laid before the Collector by the sub-deputy collectors, tehsildars, or other officers responsible for the collections, within one month at latest of the date on which the demands have become due, and that on receipt of these lists certificates be at once issued unless special reason to the contrary exists.

5. At the same time it must never be forgotten that the certificate procedure is not to be looked upon as the normal method of collecting the dues of Government. The officer responsible for the collections will in all cases be expected to show to the satisfaction of the Collector that he has done his best to realize the amount by ordinary means, and that defaulters have been duly warned before the report of their names to the Collector.

No. 3.

WITH reference to the resolution of the Government of India, Financial Department, No. 276, dated 30th April 1880, published with the circular of the Government of Bengal, No. 23, dated 25th May 1880, the words "securities and" should be struck out of line 1 in rule 1, section VIII, page 19 of the Rules for the guidance of officers in the administration of Wards' and Attached Estates, and the following rule substituted for rule 8, section VII, page 17 of the Rules:—

"8. Investments in Government securities on account of Wards' or Trust Estates are invariably to be made through the agency of the Comptroller-General, who will correspond and be in account with the Accountant-General, Bengal, only, who, in his return, will correspond and be in account with Collectors or other officers in charge of Wards' or Trust Estates depositing securities with him. The securities will stand in the name of the Comptroller-General and will be kept in his custody. A commission of one-eighth per cent., in addition to any actual outlay on brokerage, will be charged by him to the estates concerned for the purchase and sale of securities, and a commission of one quarter per cent. for drawing and remitting the interest on any securities, these commissions being deducted from the payments next due to the estates concerned. The Comptroller-General will convert the securities into stock or book debts, and will, as soon as possible after the 1st of each successive January, publish in one abstract the amount of stock, on whatever account, then held by him. A separate account for the Wards' and Trust Estates shown in the abstract will be prepared by the Accountant-General, Bengal, and published in the *Calcutta Gazette*."

2. In accordance with this rule, the securities now in the hands of district officers should be endorsed over and remitted through the Accountant-General, Bengal, to the Comptroller-General. A note that this has been done should be made in the Return No. XXXI for the current year.

3. These orders should be communicated to the managers of estates.

MR. BUCKLAND.

No. 4.

THE following corrections should be made in the rules* promulgated by Government under section 59 of the Land Acquisition Act, X of 1870, and in section I of the Land Acquisition Instructions, which are bound in pamphlet form with the Act. Similar corrections should be made in Chapter IV, Vol. I, of the new edition of the Board's Rules.

* Published at page 818 of the *Calcutta Gazette* of 7th July 1875.

Rule XI of the Government Rules.—The following should be substituted for the passage beginning with "Should such person neglect" down to the end of the first clause, and the whole of the second clause from "On" down to "deposit" should be omitted.

Pamphlet, page 4.
Board's Rules, page 95.

Should such person neglect to appear within the time specified, the Collector shall, on being satisfied of the due service of the notice, hold the amount in deposit until it shall be applied for by the person entitled to it.

Paragraph 40A of the Instructions.—In consequence of the above alteration in Government Rule XI, this paragraph will be replaced by the following:—

Pamphlet, page 16
Board's Rules, page 106.

40*A*. A register should be kept up by every Collector in the form given in appendix Q, showing on account of each project the amount due under the award and held in deposit for each person in each case

[*Government Gazette, 14th December* 1880.]

৪। বোর্ড আরো দেখিয়াছেন যে অধিকাংশ জিলায় গবর্ণমেণ্টের প্রাপ্য আদায় নিমিত্ত রুলবং পরওয়ানা লইতে সতর্কতার অভাব লক্ষিত হয়। অবশ্য, যদি দুর্ব্বৎসর হয়, বিবেচনা দেখাইতে হইবে, এবং প্রজাদের প্রতি পীড়াপীড়ি করিতে হইবে না। কিন্তু এই ও অন্য অসাধারণ কারণ না থাকিলে নিয়মিত সময়ে টাকা আদায় করিতে হইবে। এই উদ্দেশ্যের প্রতি দৃষ্টি রাখিয়া বোর্ড আদেশ করিতেছেন যে, প্রাপ্য টাকা যে তারিখে দেয় হয়, অত্যন্ত বিলম্ব হইলেও তাহার এক মাস মধ্যে সবডেপুটী কালেক্টরেরা ও তহসীলদারেরা ও আদায় নিমিত্ত দায়ী অন্য কার্য্যকারকেরা কালেক্টর সাহেবের নিকট বাকীদারদের ফর্দ্দ দিবেন, এবং এই ফর্দ্দ পাওয়া গেলে, প্রকারান্তরের বিশেষ কারণ যদি না থাকে, অবিলম্বে সর্টিফিকেট দেওয়া যাইবে।

৫। সেই সঙ্গে ইহাও কখনও বিস্মৃত হওয়া উচিত নহে যে সর্টিফিকেট কার্য্যপ্রণালী গবর্ণমেণ্টের প্রাপ্য আদায়ের নিয়মিত প্রণালী বলিয়া গণ্য করিতে হইবে না। টাকা আদায়ের জন্য দায়ী কার্য্যকারক সকল স্থলে কালেক্টর সাহেবকে সন্তোষজনকরূপে বুঝাইয়া দিবেন যে সামান্য উপায়ে ঐ টাকা আদায় নিমিত্ত তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন, এবং কালেক্টর সাহেবের নিকট তাহাদের নামে রিপোর্ট পাঠ হইবার পূর্ব্বে বাকীদারদিগকে নিয়মিতরূপে সাবধান করিয়া দেওয়া হইয়াছে।

---

৩ নম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৮০ সালের ২৫ মে তারিখের ২৩ নং সরকুলরের সহিত প্রকাশিত ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৮০ সালের ৩০ আপ্রিল তারিখের ২৭৩ নং নির্দ্ধারণ উপলক্ষে, রাজানুপালিত ও ক্রোকরুত মহালের কার্য্যসাধক কর্ম্মচারিদের কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ বিধি পুস্তকের ১৯ পৃষ্ঠায় ৮ পরিচ্ছেদের ১ ধারার ১ পংক্তিতে "জামিন এবং" এই কথা উঠাইয়া ফেলিতে হইবে, এবং ঐ বিধিপুস্তকের ১৭ পৃষ্ঠায় ৭ পরিচ্ছেদের ৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।

৮। রাজানুপালিত বা ন্যস্ত মহালের নিমিত্ত যে কোম্পানির কাগজ খরিদ করা যায় তাহা নিয়ত কণ্ট্রোলর জেনরল সাহেবের দ্বারা খরিদ করিতে হইবে। তিনি কেবল বঙ্গদেশের আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের সহিত চিঠিপত্র চালাইবেন ও হিসাব রাখিবেন। আকৌণ্টাণ্ট জেনরল সাহেব আবার যে রাজানুপালিত বা ন্যস্ত মহালের কোম্পানির কাগজ প্রভৃতি তাঁহার নিকট গচ্ছিত থাকে, সেই মহালের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কালেক্টর সাহেবের বা অন্য কার্য্যকারকের সহিত চিঠি পত্র চালাইবেন ও হিসাব রাখিবেন। উক্ত কাগজ কণ্ট্রোলর জেনরল সাহেবের নামে ও তাঁহার রক্ষণে থাকিবে। দালালী হিসাবে বাস্তবিক যে খরচ পড়ে তদতিরিক্ত শত করা ৴ আনা কমিশ্যন তিনি ঐ কাগজ খরিদ ও বিক্রয় সংসৃষ্ট মহালের উপর ধরিতে পারিবেন, এবং ঐ কাগজের সুদ বাহির করিয়া পাঠ হইবার নিমিত্ত শতকরা ।০ আনা কমিশ্যন লইবেন, ঐ মহালের প্রাপ্য যে টাকা পাবে দিতে হয় তাহা হইতে ঐ কমিশ্যন কাটিয়া লওয়া যাইবে। কণ্ট্রোলর জেনরল সাহেব ঐ কাগজ টাকে বা কিস্তাবী দেনায় পরিণত করিবেন, এবং প্রত্যেক জানুয়ারি মাসের প্রথম দিবসের পর যত শীঘ্র পারেন এক খান সংক্ষিপ্ত বিবরণপত্রে যে হিসাবে আপনার নিকট যত টাকা ইক থাকে তাহা প্রকাশ করিবেন। উক্ত সংক্ষিপ্ত বিবরণ পত্রে প্রদর্শিত রাজানুপালিত ও ন্যস্ত মহালের নিমিত্ত একটি স্বতন্ত্র হিসাব বঙ্গদেশের আকৌণ্টাণ্ট জেনরল সাহেব প্রস্তুত করিয়া কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন।

২। যে সকল কোম্পানির কাগজ প্রভৃতি এক্ষণে জিলার কর্ত্তৃপক্ষদের হস্তে আছে এই ধারানুসারে, তাহার পৃষ্ঠলিপি করিয়া তাহা বঙ্গদেশের আকৌণ্টাণ্ট জেনরল সাহেব দ্বারা কণ্ট্রোলর জেনরল সাহেবের নিকট পাঠাইতে হইবে। ইহা করা হইয়াছে এই মর্ম্মের মন্তব্যকথা চলিত সনের ৩১ মে রিটর্ণে লিখিতে হইবে।

৩। এই আজ্ঞা মহালের কার্য্যাধ্যক্ষদিগকে জ্ঞাত করিতে হইবে।

শ্রীযুত বকলাণ্ড সাহেব।

৪ নম্বর।

ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের ১০ আইনের সহিত পুস্তিকাকারে একত্রে বাঁধা ঐ আইনের ৫৯ ধারামতে গবর্ণমেণ্টের প্রচারিত বিধিতে * এবং ভূমি গ্রহণ বিষয়ক উপদেশের ১ ধারায় নিম্নলিখিত সংশোধনগুলি করিতে হইবে। বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ১ বালামের ৪ অধ্যায়ে ঐরূপ সংশোধন করিতে হইবে।

*১৮৭৫ সালের ৭ জুলাইর কলিকাতা গেজেটের ৮১৮ পৃষ্ঠায় প্রকাশিত।

পুস্তিকা, ৪ পৃষ্ঠা। বোর্ডের বিধিপুস্তক ১৫ পৃষ্ঠা।

গবর্ণমেণ্টের বিধির ১১ ধারা।—"উক্ত ব্যক্তি নির্দ্দিষ্ট সময় মধ্যে উপস্থিত না হইলে" এই পদ হইতে আরম্ভ করিয়া প্রথম প্রকরণের শেষ পর্য্যন্ত পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটি দিতে হইবে, এবং সমুদয় দ্বিতীয় প্রকরণ উঠাইয়া ফেলিতে হইবে।

উক্ত ব্যক্তি নির্দ্দিষ্ট সময় মধ্যে উপস্থিত না হইলে, যেটিস নিয়মিতরূপে জারী করা গিয়াছে কালেক্টর সাহেবের এরূপ প্রত্যয় জন্মিলে তিনি, যাবৎ অধিকারপ্রাপ্ত ব্যক্তি প্রার্থনা না করেন, তাবৎ ঐ টাকা আপনার নিকটে গচ্ছিত রাখিবেন।

পুস্তিকা, ১৬ পৃষ্ঠা। বোর্ডের বিধিপুস্তক, ৯০৬ পৃষ্ঠা।

উপদেশের ৪০ A ধারা।—গবর্ণমেণ্টের বিধির ১১ ধারায় উপরোক্ত পরিবর্ত্তন হেতুক, এই ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।

৪০ ক। Q চিহ্নিত ফোরমের পাঠে প্রত্যেক কালেক্টর সাহেব একখান রেজিষ্টর রাখিবেন; প্রত্যেক বিধিত নিষ্পত্তিক্রমে যত টাকা দেয় হইয়া প্রত্যেক মোকদ্দমায় প্রত্যেক ব্যক্তির নিমিত্ত গচ্ছিত রাখা হ...

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৪ ডিসেম্বর।]

When payment is to be made, the application for payment will have to be compared with the entry in this register as well as with the amount of the award in the original land acquisition record, and the order for payment, in words as well as in figures, will be recorded on the application to be filed with the record, and in the register, exactly as is done in the repayment of revenue deposits. By this means the same check against embezzlement will then exist as now exists in the repayment of revenue deposits.

Pamphlet, page 44.
Board's Rules, page 135.

Appendix Q. This register will now be kept in the following form:—

APPENDIX Q.

(SEE SECTION I, CLAUSE 40A).

Register of refund of Deposits under Act X of 1870 (Rule XI of the Government Rules under Section 59).

Name of project.	Amount held in deposit and due under the award to each person in each case.	Name and place of residence of claimant	Date of claim	Purport and date of Collector's order	Amount refunded.	Date of refund.	REMARKS

No. 5.

THE following amended rule and table to be respectively substituted for Rule XIII and the table under Rule V of the rules for the supply and sale of stamps published with the Board's circular order No. 7 of July 1879, are circulated for the information of all the revenue officers in the Lower Provinces.

"XIII.—A licensed vendor shall obtain all the supplies of stamps which he is authorized to sell only from the treasury of the district for which his license was granted, and shall sell stamps only at the place mentioned in his license."

	Value.	Calcutta and Howrah (Sudder station), 24-Pergunnahs (Sudder station), *Burdwan (Sudder station), Hooghly (Sudder Station).*	All other places.
		Per cent.	Per cent.
Imprest stamps—$3\frac{1}{8}$ per cent or two pice in the rupee.			
Adhesive stamps—Sold to the public for use by them in the case of instruments mentioned in section 10 of the Indian Stamp Act.	Stamps not exceeding in value 8 annas each	$3\frac{1}{8}$ = two pice in the rupee ...	$4\frac{11}{16}$ = three pice in the rupee.
	Stamps exceeding in value 8 annas each, but not exceeding in value Rs. 5 each	$1\frac{9}{16}$ = one pice in the rupee ..	$3\frac{1}{8}$ = two pice in the rupee.
	Stamps exceeding in value Rs. 5 each, but not exceeding in value Rs. 50 each	$1\frac{9}{16}$ = one pice in the rupee ...	$1\frac{9}{16}$ = one pice in the rupee.

[*Government Gazette, 14th December* 1880.]

ঐ রেজিষ্টরে তাহা দেখাইতে হইবে। যখন টাকা দিতে হইবে, এই রেজিষ্টরের লিখিত কথার সহিত ও ভূমিগ্রহণ বিষয়ক মূল নথীর নিষ্পত্তির টাকার সহিত টাকা পাইবার দরখাস্ত মিলাইয়া দেখিতে হইবে; এবং রাজস্বের গচ্ছিত টাকা ফিরাইয়া দিবার বেলা যেরূপ হয়, ঠিক সেইরূপে টাকা দিবার আজ্ঞা, অঙ্ক যোগেও শব্দযোগে, দরখাস্তের উপর ও রেজিষ্টরে লেখা যাইবে। দরখাস্ত নথীর সহিত গাঁথিয়া রাখিতে হইবে। রাজস্বের গচ্ছিত টাকা ফিরাইয়া দিবার বেলা এক্ষণে যেরূপ শাসন আছে, এই প্রকারে তথন তহবীল ভাঙ্গিবার বিরুদ্ধে সেইরূপ শাসন থাকিবে।

পুস্তিকা, ৪৪ পৃষ্ঠা। বোর্ডের বিধিপুস্তক, ১০৫ পৃষ্ঠা।

Q চিহ্নিত ক্রোড়পত্র।—এই রেজিষ্টর এক্ষণে নিম্নলিখিত পাঠে রাখিতে হইবে।

Q চিহ্নিত ক্রোড়পত্র।

(১ পরিচ্ছেদ, ৪০ ক ধারা দেখ।)

১৮৭০ সালের ১০ আইনমত গচ্ছিত টাকা ফিরাইয়া দিবার রেজিষ্টর।—(৫৯ ধারানুযায়ী গবর্ণমেন্টের বিধির ১১ ধারা।

কার্য্যের নাম।	যত টাকা গচ্ছিত থাকে ও নিষ্পত্তিক্রমে প্রত্যেক মোকদ্দমায় প্রত্যেক ব্যক্তিকে দেয় হয়।	দাওয়াদারের নাম ও বাসস্থান।	দাওয়ার তারিখ।	কালেক্টর সাহেবের আজ্ঞার মর্ম্ম ও তারিখ।	যত টাকা ফিরাইয়া দেওয়া যায়।	ফিরাইয়া দিবার তারিখ।	[illegible]

৫ নম্বর।

ইষ্টাম্প যোগাইবার ও বিক্রয় করিবার নিয়ম করণার্থ যে বিধি বোর্ডের ১৮৭৯ সালের জুলাই মাসের ৭ নং সরকুলরের সহিত প্রকাশিত হয়, তাহার ১৩ ধারার ও ৫ ধারামত টেবিলের পরিবর্ত্তে নিম্নলিখিত সংশোধিত ধারা ও টেবিল দিতে হইবে। এই ধারা ও টেবিল নিম্নপ্রদেশের রাজস্ববিষয়ক কার্য্যকারক সকলের অবগতি নিমিত্ত প্রচার করা গেল।

"১৩। লাইসেন্স প্রাপ্ত বিক্রেতা যে ইষ্টাম্প বিক্রয় করিবার অনুমতি পান, তৎসমুদয় যে জিলার নিমিত্ত লাইসেন্স প্রাপ্ত হন কেবল সেই জিলার খাজানাখানা হইতে লইবেন এবং লাইসেন্সপত্রের লিখিত স্থানে মাত্র ইষ্টাম্প বিক্রয় করিবেন।"

	মূল্য।	কলিকাতা ও হাবড়া (সদর স্থান) ২৪ পরগনা, সদর স্থান, বর্দ্ধমান (সদর স্থান), হুগলী (সদর স্থান)।	অন্য সকল স্থান।
		শতকরা।	শতকরা।
ছাপা করা ইষ্টাম্প—শতকরা ৩৶ আনা বা টাকায় ৵১০ দুই পয়সা। আটাল ইষ্টাম্প—ভারতবর্ষীয় ইষ্টাম্প আইনের ১০ ধারায় লিখিত নিদর্শনপত্রে ব্যবহারার্থে সাধারণের নিকট বিক্রীত হয়।	প্রত্যেক খণ্ড ইষ্টাম্পের মূল্য ॥৫ আনার অধিক না হইলে	৩৶=টাকায় ৵১০ পয়সা।	৪॥৶=টাকায় ৵১৫ পয়সা।
	প্রত্যেক খণ্ড ইষ্টাম্পের মূল্য ॥০ আনার অধিক ও ৫৲ টাকার অনধিক হইলে	১॥৵=টাকায় ৵৫ পয়সা।	৩৶= টাকায় ৵১০ পয়সা।
	প্রত্যেক খণ্ড ইষ্টাম্পের মূল্য ৫৲ টাকার অধিক ও ৫০৲টাকার অনধিক হইলে	১॥৵=টাকায় ৵৫ পয়সা।	১॥৵= টাকায় ৵৫ পয়সা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৪ ডিসেম্বর।]

2. The special attention of district officers is drawn to the condition in the amended rule which obliges the licensed vendor to obtain all the supplies of stamps which he is authorized to sell only from the treasury of the district for which his license was granted.

3. In consequence of the amended table showing the rates of discount allowable on sale of stamps used under the Indian Stamp Act, the following table should be substituted for the table given in Board's circular order No. 4 of February 1880.

	General or non-judicial stamps prescribed for use under the Indian Stamp Act.*					Judicial or Court Fee Stamps.*		
	Adhesive stamps sold to the public for use by them in the case of instruments mentioned in section 10 of the Indian Stamp Act.			Impress stamps (including hoondi stamps).				
	Stamps not exceeding in value 8 annas each.	Stamps exceeding in value 8 annas each, but not exceeding in value Rs. 5 each.	Stamps exceeding in value Rs. 5 each, but not exceeding in value Rs. 50 each.					Per cent.
	Per cent.	Per cent.	Per cent.		Per cent.			
Calcutta—Howrah (Sudder station), 24-Pergunnahs, (Sudder station), Burdwan (Sudder station), Hooghly (Sudder station).	$3\frac{1}{8}$ = two pice in the rupee.	$1\frac{9}{16}$ = one pice in the rupee.	$1\frac{9}{16}$ = one pice in the rupee.	At all places	$3\frac{1}{8}$ = two pice in the rupee.	Moorshedabad ... Dinagepore ... Maldah ... Rungpore ... Mymensingh ...	Licensed vendors at places more than five miles distant from either a sudder or sub-divisional treasury.	2
All other places ...	$4\frac{11}{16}$ = three pice in the rupee.	$3\frac{1}{8}$ = two pice in the rupee.	$1\frac{9}{16}$ = one pice in the rupee.	......	......	Sundeep island		$2\frac{1}{4}$
						All other places		$1\frac{9}{16}$ = one pice in the rupee.

* Only *licensed* vendors purchasing stamps of the total value of Rs. 25 or upwards at one time are allowed discount on these kinds of stamps.

Note 1.—No discount is allowed on the purchase of any general or court fee stamps of which the value is more than Rs. 50 and Rs. 75 respectively, or in the purchase of any stamps applied on material furnished by the purchaser himself.

2.—Discount is allowed at $6\frac{1}{4}$ per cent. (one anna in the rupee) on the sale of the special description of paper to be used for documents under the Court Fees Act, VII of 1870.

3.—Discount is allowed at the rate of Rs. $1\frac{9}{16}$ per cent. or one pice in the rupee on stamp papers used for realising fees paid for copying work in civil and criminal courts.

২। লাইসেন্স প্রাপ্ত বিক্রেতা যে ইষ্টাম্প বিক্রয় করিবার অনুমতি পান, তৎসমুদয় তিনি যে জিলার নিমিত্ত লাইসেন্স প্রাপ্ত হন সেই জিলার খাজানাখানা হইতে লইবেন, সংশোধিত বিধির এই নিয়মের প্রতি জিলার কর্ত্তৃপক্ষদের বিশেষ মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

৩। ভারতবর্ষীয় ইষ্টাম্প আইনমতে ব্যবহৃত ইষ্টাম্প বিক্রয়ের উপর যে ডিস্কৌন্ট দেওয়া যায় তাহার হারের টেবিল সংশোধিত হওয়াতে, বোর্ডের ১৮৮০ সালের ফেব্রুয়ারি মাসের ৪ নং সরকুলরে যে টেবিল প্রদত্ত হইয়াছে তাহার পরিবর্ত্তে নিম্নলিখিত টেবিল দিতে হইবে।

	ভারতবর্ষীয় ইষ্টাম্প আইনমতে ব্যবহারার্থে নির্দ্দিষ্ট সাধারণ বা বিচার-সম্পর্কশূন্য ইষ্টাম্প। *					বিচারসম্পর্কীয় বা কোর্ট ফী ইষ্টাম্প। *	
	ভারতবর্ষীয় ইষ্টাম্প আইনের ১০ ধারায় উল্লিখিত নিদর্শপত্র সম্বন্ধে সাধারণের ব্যবহারার্থ তাহাদের নিকট যে আটাল ইষ্টাম্প বিক্রীত হয়।			ছুরীর ইষ্টাম্প মুদ্রছাপা করা ইষ্টাম্প			
	একং ইষ্টাম্প ।।০ আট আনার অধিক মূল্যের না হইলে।	একং ইষ্টাম্পের মূল্য ।।০ আট আনার অধিক কিন্তু ৫৲ টাকার অনধিক হইলে।	একং ইষ্টাম্পের মূল্য ৫৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক হইলে।		শতকরা।		শতকরা।
	শতকরা।	শতকরা।	শতকরা।				
কলিকাতা হাবড়া (সদর স্থান), চব্বিশ পরগনা (সদর স্থান), বর্দ্ধমান (সদর স্থান), হুগলী (সদর স্থান),	৩$\frac{1}{8}$ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা।	১$\frac{9}{16}$ অর্থাৎ টাকা প্রতি এক পয়সা।	১$\frac{9}{16}$ অর্থাৎ টাকা প্রতি এক পয়সা।	সকল স্থানে।	৩$\frac{1}{8}$ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা।	মুরশিদাবাদ। দিনাজপুর। মালদহ। রঙ্গপুর ময়মনসিংহ। — সদর কিম্বা মহকুমার খাজানাখানা হইতে পাঁচ মাইলের অধিক দূরে লাইসেন্স প্রাপ্ত বিক্রেতারা থাকিলে।	২৲
						নবদ্বীপ	২[illegible]
অন্য সকল স্থান।	৪$\frac{11}{16}$ অর্থাৎ টাকা প্রতি তিন পয়সা।	৩$\frac{1}{8}$ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা।	১$\frac{9}{16}$ অর্থাৎ টাকা প্রতি এক পয়সা।			অন্য সকল স্থানে ...	১$\frac{9}{16}$ অর্থাৎ টাকা প্রতি এক পয়সা।

* কেবল লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতারা এককালে ২৫ টাকার কি অধিক মূল্যের এই২ প্রকারের ইষ্টাম্প ক্রয় করিলে ডিসকৌন্ট পাইতে পারিবেন।

মন্তব্য।—(১) ৫০৲ টাকার অধিকমূল্যের সাধারণ ইষ্টাম্প কিম্বা ৭৫৲ টাকার অধিক মূল্যের কোর্ট ফী ইষ্টাম্প ক্রয় করা গেলে, কিম্বা ক্রেতা আপনি কাগজ দিয়া তাহাতে ইষ্টাম্প বসাইবার নিমিত্ত ইষ্টাম্প ক্রয় করিলে, তাহার উপর ডিসকৌন্ট দেওয়া যাইবে না।

